# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 28, 1432 Bangla, April 11, 2026, Saturday, No. 98, 56th year

# H I G H L I G H T S

The ongoing conflict in the Middle East has triggered an abnormal surge in global energy prices, significantly increasing Bangladesh's subsidy burden. [Jago FM: 10]

Finance Minister has said govt. will have to provide Tk 36,000 crore in additional subsidies beyond the allocated amount for power, fuel & LNG sectors during the March-June period of current fiscal year. [Jago FM: 10]

Bangladesh Shipping Corporation's vessel Banglar Joyjatra has failed to cross the Strait of Hormuz despite getting close as Iranian authorities refused to grant transit permission. [DW: 09]

BGB has intensified its operations & intelligence activities across the country, including border areas, to maintain a stable supply of edible oil & curb hoarding, black marketing and smuggling. [Jago FM: 12]

According to DGHS, 4 children have died from measles & measles-like symptoms in the last 24 hours & 168 people have been infected with measles during the same period. [BBC: 05]

The 'Welfare and Rehabilitation of the Families of Martyrs and July Fighters of the July Uprising Bill, 2026,' has been unanimously passed in the National Parliament. [BBC: 03]

A Bangladeshi youth has been shot dead by members of the Indian Khasia community along the border area of Companiganj upazila in Sylhet. [Jago FM: 13]

An office assistant at Baligaon High School in Feni Sadar Upazila has been accused of embezzling students' board fees. As a result, the educational careers of 92 SSC candidates are facing uncertainty. [Jago FM: 15]

A Bangladeshi expatriate worker was killed in Israeli strike in Lebanon's Beirut on Wednesday. [Jago FM: 14]

French Foreign Minister Jean-Noël Barrot and Pakistani Foreign Minister Ishaq Dar have expressed concern over "serious violations of the ceasefire" in Lebanon. [BBC: 06]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## চৈত্র ২৮, বাংলা ১৪৩২, এপ্রিল ১১, ২০২৬, শনিবার, নং- ৯৮, ৫৬তম বছর

# শিরোনাম

মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধের প্রভাবে বৈশ্বিক বাজারে জ্বালানির মূল্য অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়ায় বাংলাদেশের ওপর ভর্তুকির চাপ ব্যাপকভাবে বেড়ে গেছে। [জাগো এফএম: ১০]

অর্থমন্ত্রী জানিয়েছেন, চলতি অর্থবছরের মার্চ থেকে জুন সময়ে বিদ্যুৎ, জ্বালানি ও এলএনজি খাতে নির্ধারিত ভর্তুকির বাইরে সরকারকে অতিরিক্ত প্রায় ৩৬ হাজার কোটি টাকা ব্যয় করতে হবে। [জাগো এফএম: ১০]

ইরানি কর্তৃপক্ষ ট্রানজিটের অনুমতি না দেওয়ায়, কাছাকাছি পৌঁছেও বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ 'বাংলার জয়যাত্রা, হরমুজ প্রণালী অতিক্রম করতে পারেনি। [ডয়চে ভেলে: ০৯]

ভোজ্যতেলের বাজার স্থিতিশীল রাখতে সরবরাহ ব্যবস্থা সচল রাখা এবং মজুতদার, কালোবাজারি ও পাচারকারী চক্রের অপতৎপরতা রোধে সীমান্ত এলাকাসহ সারা দেশে অভিযান পরিচালনা করছে বিজিবি।[জাগো এফএম: ১২]

স্বাস্থ্য অধিদপ্তর জানায়, গত ২৪ ঘণ্টায় হামের লক্ষণ নিয়ে চারজনের মৃত্যু এবং একই সময়ে হামে আক্রান্ত হয়েছে ১৬৮ জন। [বিবিসি: ০৫]

জাতীয় সংসদে 'জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন বিল, ২০২৬' সর্বসম্মতিক্রমে পাস হয়েছে। [বিবিসি: ০৩]

সিলেটের কোম্পানীগঞ্জ সীমান্ত এলাকায় ভারতে অনুপ্রবেশের সময় খাসিয়াদের গুলিতে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। [জাগো এফএম: ১৩]

ফেনী সদর উপজেলার বালিগাঁও উচ্চবিদ্যালয়ের এক অফিস সহকারীর বিরুদ্ধে শিক্ষার্থীদের বোর্ড ফি-র টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। ফলে, অনিশ্চয়তার মুখে পড়েছে ৯২ জন এসএসসি পরীক্ষার্থীর শিক্ষাজীবন। [জাগো এফএম: ১৫]

লেবাননে ইসরায়েলের বিমান হামলায় বাংলাদেশি এক নারী প্রবাসী নিহত হয়েছেন। [জাগো এফএম: ১৪]

লেবাননে "যুদ্ধবিরতির গুরুতর লঙ্ঘন„ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী জঁ-নোয়েল ব্যারো ও পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দার। [বিবিসি: ০৬]

# বিবিসি

## সংসদে জুলাই আন্দোলনকারীদের কল্যাণ সম্পর্কিত বিল সর্বসম্মতিক্রমে পাস

জাতীয় সংসদের প্রথম অধিবেশনের ত্রয়োদশ বৈঠকে শুক্রবার 'জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন বিল, ২০২৬' সর্বসম্মতিক্রমে পাস হয়েছে। অধিবেশনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান বিলটি উত্থাপন করেন। এসময় বিরোধীদলীয় সংসদ সদস্যরা দুই হাত তুলে এ বিষয়ে তাদের পূর্ণ সমর্থন ব্যক্ত করেন। বিল পাসের এই প্রক্রিয়ায় স্বতঃস্ফূর্ত সমর্থনের জন্য মন্ত্রী বিরোধীদলীয় সংসদ সদস্য শাহজাহান চৌধুরীকে বিশেষ ধন্যবাদ জানান। এদিকে, রাষ্ট্রীয় সংবাদ সংস্থা বাসস জানিয়েছে, বিকেল পর্যন্ত অন্তর্বর্তীকালীন সরকারের জারি করা অধ্যাদেশগুলোকে আইনে রূপান্তরের লক্ষ্যে জাতীয় সংসদে আজ ২০টি বিল পাস হয়েছে। এর মধ্যে সকালের অধিবেশনে ১০টি বিল পাস হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের আজ ১৩তম দিনের সকালের অধিবেশনে উত্থাপিত বিলগুলোর ওপর দফাওয়ারি কোনো সংশোধনী প্রস্তাব না থাকায়, সংসদে এ বিষয়ে আলোচনা হয়নি। সংশ্লিষ্ট মন্ত্রীরা বিলগুলো উত্থাপন করলে সর্বসম্মতিক্রমে সেগুলো পাস হয়। অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে জারি করা মোট ১৩৩টি অধ্যাদেশের মধ্যে সংসদের বিশেষ কমিটি ৯৮টি অপরিবর্তিতভাবে এবং ১৫টি সংশোধনসহ পাসের সুপারিশ করে। বাকি ২০টির মধ্যে ৪টি বাতিল এবং ১৬টি আরও শক্তিশালী করে নতুন বিল আকারে আনার সুপারিশ করা হয়। অন্তর্বর্তী সরকারের জারি করা অধ্যাদেশগুলো বিল হিসেবে বা বাতিলের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সময়সীমা আজ ১০ এপ্রিল শেষ হচ্ছে। সেকারণে আজ শুক্রবার সাপ্তাহিক ছুটির দিনেও সংসদের অধিবেশন চলছে।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## সংশোধিত আকারে জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর বিল পাস, বিরোধী দলের ওয়াক আউট

জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর বিল জাতীয় সংসদে পাস হয়েছে। প্রস্তাবিত বিলের দুটি ধারায় সংশোধন আনা হয়েছে। তবে শেষ মুহূর্তে এই সংশোধনী আনায় সরকারি দলের বিরুদ্ধে রাজনৈতিক সমঝোতা ভঙ্গের অভিযোগ তুলে সংসদ থেকে ওয়াক আউট করেন জামায়াত ও এনসিপিসহ বিরোধী দলের সংসদ সদস্যরা। সংশোধন দুইটির একটি হলো, জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘরের সভাপতি হিসেবে দায়িত্বে থাকবেন সংস্কৃতিমন্ত্রী বা প্রতিমন্ত্রী এবং অন্যটি হলো- সরকার চাইলে যে-কোনো সময় জাদুঘরের পরিচালনা পর্ষদের সদস্যদের অপসারণ করতে পারবে। এই দুইটি সংশোধনী নিয়ে জাতীয় সংসদে প্রায় ৪০ মিনিটের বিতর্ক চলে। বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেন, জুলাই জাদুঘরের বিষয়ে বিশেষ কমিটিতে আলোচনার মাধ্যমে যে ঐকমত্য হয়েছিল, সরকার সেই অবস্থানে না থেকে বিলে পরিবর্তন এনেছে। প্রস্তাবিত বিল অনুযায়ী, জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘরের সভাপতি পদে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কাউকে দায়িত্ব দেওয়ার কথা ছিল। সংস্কৃতিমন্ত্রী বা প্রতিমন্ত্রীকে সভাপতি করার মাধ্যমে জুলাই জাদুঘরকেও দলীয়করণ করা হচ্ছে বলে অভিযোগ করেন নাহিদ ইসলাম। এর জবাবে সংসদে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেন, পরিচালনা পর্ষদে থাকা কারও বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠলেও, তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কোনো সুযোগ অর্ডিন্যান্সে ছিল না। সরকারের বাহিরে থাকা কারও পরামর্শেই জবাবদিহিতার জায়গা নিশ্চিতের জন্য এই সংশোধনী আনা হয়েছে বলে জানান তিনি। এদিকে, রাত ১২টার মধ্যে বিল পাসের তাগাদা থাকার প্রসঙ্গও তুলে ধরেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। একইসাথে, পরবর্তী সময়ে এনিয়ে আরও আলোচনার সুযোগ আছে বলেও উল্লেখ করেন তিনি। এসময় বিরোধী দলীয় চিফ হুইপ জিজ্ঞেস করেন, বিশেষ কমিটিতে আলোচনার পরও শেষ মুহূর্তে কেন এই পরিবর্তন আনা হলো। এখন বিল পাসের ক্ষেত্রে ঘড়ির কাঁটা দেখাচ্ছেন, তাহলে পরবর্তী সময়ে আবার কীভাবে আলোচনা হবে, সেই প্রশ্ন তোলেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। পরে বিতর্কের এক পর্যায়ে তারা সংসদ থেকে ওয়াক আউট করেন।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রনি)

## হাজার কোটি টাকার তেল পাইপলাইন ও মজুত সক্ষমতা ফেলে রেখেছে বাংলাদেশ

সাগরে বড়ো জাহাজ থেকে সরাসরি পাইপলাইনে তেল খালাস ও পরিবহণ করতে আট হাজার কোটি টাকার বেশি খরচে কক্সবাজারের মহেশখালীতে নির্মিত বিশাল অবকাঠামো দীর্ঘদিন ফেলে রেখেছে বাংলাদেশ। কাজে আসছে না মজুত সক্ষমতাও। সিংগেল পয়েন্ট ম্যুরিং বা এসপিএম প্রকল্পে অবকাঠামোর নির্মাণকাজ ২০২৪ সালে শেষ হলেও, শুধু অপারেটর নিয়োগ করে সেটি এখনো চালু করা যায়নি। তেলের বাজারে অস্থিরতা এবং বাংলাদেশে মজুত সক্ষমতা নিয়ে আলোচনার প্রেক্ষিতে এ প্রকল্পটির গুরুত্ব সামনে এসেছে। মহেশখালীতে নির্মিত অবকাঠামোতে বাংলাদেশের বর্তমান চাহিদার প্রায় এক মাসের ক্রুড অয়েল ও এক সপ্তাহের ডিজেলের মজুত রাখার মতো ছয়টি তেলের ট্যাংক খালি পড়ে আছে। বিদেশ থেকে আমদানি করা জ্বালানি তেল সরাসরি খালাস করতে বঙ্গোপসাগরে ভাসমান বয়া, পরিবহণের জন্য ২২০ কিলোমিটার পাইপলাইন ও দুই লাখ টন তেলের মজুত রাখার স্টোরেজ ট্যাংক নির্মাণ করা হয়।

এ অবকাঠামো পুরোপুরি কাজে লাগাতে পারলে সাগরে তেল খালাস ও পরিবহণে বছরে ৮০০ কোটি টাকার মতো সাশ্রয় হওয়ার কথা। সমস্ত অবকাঠামো প্রস্তুত থাকলেও, শুধু পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ঠিকাদার নিয়োগ করতে না পারায়, আট হাজার কোটি টাকার বেশি ব্যয়ে নির্মিত বিশাল অবকাঠামো প্রায় দুই বছর অলস পড়ে আছে। জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, চলমান তেল সংকটে এই অবকাঠামোর গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারতো। পাইপলাইনে তেল খালাস করতে পারলে বর্তমান তেল সংকটে একদিকে অর্থ এবং সময়ের অপচয় যেমন হতো না, একই সাথে তেলের মজুত সক্ষমতা কাজে লাগাতে পারলে সংকটকালে বাড়তি সুবিধা পাওয়া যেত।

**এসপিএম প্রকল্পের অবকাঠামোয় কী আছে**

তেল আমদানির পর গভীর সমুদ্র থেকে পাইপলাইনের মাধ্যমে সঞ্চালন ও মজুত করার আধুনিক ব্যবস্থাপনা হিসেবে নেওয়া হয় এসপিএম বা সিংগেল পয়েন্ট ম্যুরিং প্রকল্প। গভীর সাগর থেকে মহেশখালীর পাম্পিং স্টেশন ও স্টোরেজ ফেসিলিটি এবং সেখান থেকে ইস্টার্ন রিফাইনারি পর্যন্ত ১১০ কিলোমিটার করে দুটি পৃথক পাইপলাইন নির্মাণ করা হয়েছে। এছাড়া মহেশখালীতে প্রায় ১০০ একর জায়গার ওপর তেল পরিবহণের জন্য পাম্পিং স্টেশন, ডিজেল জেনারেটর এবং ছয়টি স্টোরেজ ট্যাংক নির্মাণ করা হয়েছে। ছয়টি স্টোরেজ ট্যাংকের মধ্যে ক্রুড অয়েলের জন্য তিনটি ট্যাংকের প্রতিটি ৬০ হাজার কিলোলিটার বা ৪২ হাজার টন ক্ষমতার। আর ডিজেলের তিনটি ট্যাংক প্রতিটি ৩৬ হাজার কিলোলিটার, প্রায় ২৫ হাজার টন। সবমিলিয়ে ছয়টি স্টোরেজ ট্যাংকে দুই লাখ টন তেলের মজুত সক্ষমতা রয়েছে। বর্তমান ব্যবস্থায়, গভীর সাগরে মাদার ভেসেল বা বড়ো ট্যাংকার জাহাজে তেল আমদানির পর, সেটি ছোটো (লাইটার) জাহাজে করে কর্ণফুলি চ্যানেল দিয়ে ইস্টার্ন রিফাইনারিতে পরিবহণ করা হয়।

এসপিএম ব্যবস্থায় গভীর সাগর থেকে পাইপলাইনের মাধ্যমে তেল সরাসরি মহেশখালীতে এনে আবার পাম্প করে পাইপলাইনে ইস্টার্ন রিফাইনারিতে পরিবহণ করা হবে। প্রকল্প তত্ত্বাবধানকারী ইস্টার্ন রিফাইনারির তথ্য অনুযায়ী, সনাতন পদ্ধতিতে এক লাখ টন ক্রুড তেল আমদানির পর খালাসে সময় লাগে ১১ দিন। আর পাইপলাইনে ৪৮ ঘণ্টার মধ্যে সমপরিমাণ তেল খালাস ও পরিবহণ সম্ভব। সব মিলিয়ে সময় বাঁচানো ছাড়াও তেল পরিবহণে অপচয় রোধ, পরিবেশ রক্ষা এবং অর্থেরও বড়ো সাশ্রয় করতে পারবে এসপিএম অবকাঠামো।

**কেন চালু হয়নি**

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের আওতাধীন কোম্পানি ইস্টার্ন রিফাইনারির তত্ত্বাবধানে ২০২৪ সালে এসপিএম প্রকল্পের কাজ শেষ হয়। সে বছর মার্চ মাসে গভীর সাগর থেকে ক্রুড ও ডিজেল খালাস করে পরিবহণ টেস্টিং কমিশনিং পরীক্ষা সম্পন্ন করা হয়। এসপিএম পরিচালনার জন্য দক্ষ অপারেটর প্রয়োজন, কারণ বাংলাদেশে এ ধরনের অভিজ্ঞ কোনো অপারেটর নেই। জ্বালানি বিভাগ জানায়, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ঠিকাদার নিয়োগ না হওয়ায়, পাইপলাইনে তেল খালাস ও পরিবহণ এবং মজুত অবকাঠামো চালু করা যায়নি। তৎকালীন আওয়ামী লীগ সরকারের সময়ে বিদ্যুৎ, জ্বালানি বিশেষ বিধান আইনে বিনা দরপত্রে চীনের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন হয়েছে। নির্মাণ শেষে এসপিএম-এর অপারেশন ও মেইনটেন্যান্স বা পরিচালন ও রক্ষণাবেক্ষণের ঠিকাদার নিয়োগও বিশেষ আইনে দরপত্র ছাড়াই কার্যাদেশ দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নেয় সরকার। তবে অন্তর্বর্তীকালীন সরকারের সময় বিশেষ আইনটি বাতিল করলে পরে আর সেই চুক্তি হয়নি। পরে, উন্মুক্ত দরপত্র আহ্বান করে অন্তর্বর্তী সরকার ঠিকাদার নিয়োগে করে যেতে না পারায়, জ্বালানি তেলের এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি আর চালু হয়নি।

এসপিএম প্রকল্পে নির্মিত অবকাঠামো ব্যবহার করে বছরে ৯০ লাখ টন ক্রুড অয়েল এবং ডিজেল আমদানির পর খালাস ও পরিবহণ করা যাবে। কর্মকর্তারা জানান, ইস্টার্ন রিফাইনারির সক্ষমতা অনুযায়ী, বর্তমানে এই অবকাঠামোর প্রায় ৭০ ভাগ পর্যন্ত কাজে লাগানো সম্ভব। কারণ বাংলাদেশে ক্রুড অয়েলের বাৎসরিক পরিশোধন ক্ষমতা ১৫ লাখ টন। বাংলাদেশে ডিজেলের চাহিদা বেশি হওয়ায়, এই অবকাঠামো ব্যবহার করে ৪৫ লাখ টনের বেশি বছরে ডিজেল আমদানির পর খালাস ও পরিবহণ করা যাবে বলে প্রকল্প সংশ্লিষ্টরা জানান। এ প্রকল্প পূর্ণ মাত্রায় চালু হলে বছরে প্রায় ৮০০ কোটি টাকা সমপরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয় হওয়া কথা। তবে যেহেতু ইস্টার্ন রিফাইনারির দ্বিতীয় ইউনিটের নির্মাণ ও সম্ভাব্যতা ধরে সক্ষমতা তৈরি হয়েছে, তাই ইস্টার্ন রিফাইনারি সম্প্রসারণ না হলেও, প্রায় বর্তমান সক্ষমতা ব্যবহার করেও প্রায় ৫০০ কোটি টাকা বছরে সাশ্রয় করা সম্ভব।

**জ্বালানি বিশেষজ্ঞরা কী বলছেন**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্ম সচিব মোর্শেদা ফেরদৌস বিবিসি বাংলাকে বলেন, "বিশেষ আইনে এটা নেওয়ার জন্য প্রসিডিং হয়ে গিয়েছিল প্রায়। বাই দিস টাইম নতুন গভর্নমেন্ট আসলো। স্পেশাল অ্যাক্ট বাতিল হলো। দ্বিতীয় দফায় টেন্ডার করা হয়েছে। এই প্রসেসগুলো করতে আসলে এই সময়টা লেগে গেছে।„ জ্বালানি বিশেষজ্ঞ এবং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি)-এর উপাচার্য ড. ম তামিম বিবিসি বাংলাকে বলেন, অগ্রাধিকার দিয়ে এসপিএম চালুর পদক্ষেপ নিলে এই বিলম্ব এড়ানো যেত। "একটু ইনোভেটিভ চিন্তা-ভাবনা করলে কিন্তু আমরা এতদিনে এটা আমরা চালু করতে পারতাম।„ প্রকল্পটি চালু না হওয়ায় একদিকে সময় ও অর্থের সাশ্রয় যেটা হতো, সেটা থেকে

বঞ্চিত হতে হচ্ছে, আবার ঋণ পরিশোধের চাপ রয়েছে জানিয়ে তিনি বলেন, ”এটা ডেফিনেটলি জ্বালানি খাতে একটা গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রথমত, এটা বেশ দেরি হয়েছে তৈরি করতে। কস্ট ওভার রানও হয়েছে। কিন্তু শেষ পর্যন্ত সম্পন্ন হয়েছে। দুই লক্ষ টন একটা বড়ো মজুত সক্ষমতা, যেটা ওখানে আনইউজড পড়ে আছে।„ ম তামিম বলেন, এটি অত্যন্ত জ্বালানি সাশ্রয়ী প্রকল্প। বিষয়টি ব্যাখ্যা করে তিনি বলেন, ”এটা চালু না হওয়ায় যেটা হয়েছে যে, প্রথমত, লাইটারেজে করে আনতে খরচ বেশি হচ্ছে। মাদার ট্যাংকারগুলো কিন্তু আউটার অ্যাঙ্করেজে থাকে। আমরা ছোটো ছোটো জাহাজে করে আনছি। এখন যেহেতু জ্বালানির অভাবে তাই লাইটারেজেও কিন্তু অতিরিক্ত জ্বালানি ব্যবহার করতে হচ্ছে আমাদের। পাইপলাইনটা চালু থাকলে পাম্প করে ডিরেক্ট ইস্টার্ন রিফাইনারিতে নিয়ে আসা যেত।„ ”লাইটারেজে যখন তেল আনা হয়, তখন একটা লস কাউন্ট হয়। পাইপলাইনে আসলে সে লসটা অনেক কমে আসবে। ফলে এটা কস্ট ইফেকটিভ সবদিক থেকে। এটা পরিবেশবান্ধব এবং আধুনিক একটা ব্যবস্থাপনা।„

দুই বছর আগে নির্মাণ শেষ হলেও, এসপিএম চালু না হওয়ার পেছনে কোনো গাফিলতি বা অবহেলা আছে কি না, সেটি তদন্ত করে জবাবদিহি করা দরকার বলেও মনে করেন তারা। অধ্যাপক ম তামিম বলেন, ”এটা ডেফিনেটলি খুব দ্রুততার সাথে চালু করা দরকার। যদি আমাদের ভবিষ্যতে মজুতের কথা চিন্তা করতে হয়, তাহলে ওখানে আমরা দুই লাখ টন একটা বিরাট মজুত ফেসিলিটি তৈরি করেছি। সেখানে যদি তেলের মজুত রাখতে হয়, সেটা ডিজেল হোক বা ক্রুড হোক, এটাকে আমরা স্থায়ী মজুত হিসেবেও চিন্তা করতে পারি।„ ”রিফাইনারির যে মজুত আছে, সেটা দেড় দুই মাস চলে। আমরা যে স্ট্র্যাটেজিক মজুতের কথা বলছে, সেটা একটু ব্যয়সাপেক্ষ, এই ব্যয়টা যেহেতু হয়ে গেছে, দুই লাখ টন যদি আমরা রাখতে পারি, তাহলে কিন্তু এটা আমাদের একটা স্ট্র্যাটেজিক মজুতের কাজও করতে পারে।„ আরেকজন বিশেষজ্ঞ ড. বদরুল ইমাম বিবিসি বাংলাকে বলেন, সনাতন পদ্ধতিতে যে জাহাজ করে নিয়ে যাওয়া, সেটা এক অর্থে সময়সাপেক্ষ ও ব্যয়বহুল। অন্যদিকে পাইপ লাইনের এটা মডার্ন পদ্ধতি। এটা দ্রুততর ও সাশ্রয়ী। সুতরাং সবদিক দিয়েই এটা সুবিধাজনক। ”এটা হয়ে যদি পড়ে থাকে, তাহলে তো আমার মনে হয় প্রশ্ন ওঠা উচিত যে, কেন বা কার গাফিলতিতে এটা পড়ে আছে। সেটা দ্রুততম সময় চালু করার জন্য, যা করা দরকার সেটা করা উচিত।„

**জ্বালানি বিভাগের বক্তব্য**

সরকারের জ্বালানি বিভাগ বলছে, দ্রুত এ প্রকল্প চালুর ব্যাপারে সরকার আন্তরিক এবং দরপত্র মূল্যায়ন শেষে যতদ্রুত সম্ভব এটি চালু হবে। এ প্রকল্পে তেল পাইপলাইন ম্যানেজমেন্ট বা ব্যবস্থাপনার জন্য পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি (পিটিসিপিএলসি) গঠন করা হয়েছে। তারাই এটা দেখ-ভাল করবে। এসপিএম-এর অপারেশনাল অ্যাকটিভিটিস যেগুলো হবে, সেটার জন্য কোম্পানি জনবল নিয়োগ করেনি, এজন্য তেলের অপারেশন মেইনটেন্যান্সের জন্য কন্ট্রাক্টর নিয়োগ হচ্ছে। আস্তে আস্তে পিটিসিপিএলসি কোম্পানির কর্মীরা যখন শিখে যাবে, এরপর এটা সম্পূর্ণভাবে তাদের কাছে ট্রান্সফার হয়ে যাবে। এই তথ্য জানিয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্ম সচিব মোর্শেদা ফেরদৌস বিবিসি বাংলাকে বলেন, ”যত দ্রুত সম্ভব প্রকল্পটি চালুর ব্যাপারে আমাদের মূল্যায়ন প্রসেসে আছে। জাস্ট প্রসেসটা শেষ হতে যে সময় লাগবে। আসলে আমি মনে করছি খুব বেশি দিন লাগবে না।„ বিএনপি সরকার ক্ষমতায় আসার পরপরই মন্ত্রী ও প্রতিমন্ত্রী এ বিষয়ে বৈঠক করেছেন জানিয়ে মোর্শেদা ফেরদৌস বলেন, ”আমরা ব্রিফ করেছি কীভাবে প্রকল্প দ্রুত চালু করা যায়, উনারাও বলেছেন। বিপিসি ও বিপিসি রিলেটেড লোকজনকে বলা আছে, আমরাও কনসার্ন। আমরাও চাচ্ছি দ্রুত চালু করার জন্য।„ তবে দরপত্র মূল্যায়ন শেষে অপারেটর নিয়োগ ও চালু করতে ঠিক কতদিন লাগতে পারে, সেটি সুনির্দিষ্ট করে বলতে পারেননি কেউ। (বিবিসি ওয়েব পেজ : ১০.০৪.২০২৬ আলী আহমেদ)

## ২৪ ঘণ্টায় হামের লক্ষণ নিয়ে চারজনের মৃত্যু

গত ২৪ ঘণ্টায় হামের লক্ষণ নিয়ে চারজনের মৃত্যুর কথা জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। শুক্রবার অধিদপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। একই সময়ে হামে আক্রান্ত হয়েছে ১৬৮ জন। আর সন্দেহজনক মোট হাম রোগীর সংখ্যা ১ হাজার ১৭৭ জন। অধিদপ্তরের তথ্যমতে, ১৫ই মার্চ থেকে এখন পর্যন্ত হামে আক্রান্ত হয়ে ২৩ জন এবং হামের লক্ষণ নিয়ে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়ালো ১৪৪ জনে। আর ২৭ দিনে হামে আক্রান্ত হয়েছেন ২ হাজার ৪০৯ জন। এসময়ে সন্দেহজনক মোট হাম রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৩ হাজার ৪৯৭ জনে। এরমধ্যে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮ হাজার ৯১০ জন। চিকিৎসা নিয়ে বাসায় ফিরেছেন ৬ হাজার ৬০৯ জন।

(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## শত্রুতা না করলে হরমুজ প্রণালি দিয়ে চলতে পারবে মার্কিন জাহাজ : ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী

ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী সাইয়েদ খাতিবজাদেহ বলেছেন, যুক্তরাষ্ট্রের জাহাজগুলো ”যতক্ষণ শত্রুতামূলক আচরণ না করবে,„ ততক্ষণ হরমুজ প্রণালি দিয়ে চলাচল করতে পারবে। ইরানি গণমাধ্যমকে দেওয়া এক বক্তব্যে খাতিবজাদেহ বলেন, ”হরমুজ প্রণালি খোলা রয়েছে, তবে কারিগরি সীমাবদ্ধতার কারণে জাহাজগুলোকে ইরানি বাহিনীর সঙ্গে সমন্বয় করে চলাচল করতে হবে।„ ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, ”প্রণালিতে নিরাপদ নৌপথ নিশ্চিত করবো আমরা।„ তবে ইরানি কর্মকর্তাদের এসব বক্তব্যের বিপরীতে, হরমুজ প্রণালি থেকে পাওয়া প্রতিবেদনে দেখা যাচ্ছে,

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে দুই সপ্তাহের যুদ্ধবিরতি চুক্তি কার্যকর হওয়ার পর থেকে খুব অল্প-সংখ্যক জাহাজই এই পথ দিয়ে চলাচল করেছে। পাকিস্তানে ইরানি ও মার্কিন প্রতিনিধিদলের মধ্যে আলোচনা শুরুর প্রহর গণনা যখন চলছে, এর মধ্যেই গত রাতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে লেখেন, "হরমুজ প্রণালি দিয়ে তেল চলাচলের অনুমতি দেওয়ার ক্ষেত্রে ইরান খুবই বাজে কাজ করছে, কেউ কেউ তো এটিকে লজ্জাজনকও বলছে। আমাদের মধ্যে যা সমঝোতা হয়েছিল, এটা তা নয়!„
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতি 'লঙ্ঘনের' জেরে ইসরায়েলি শহরে হামলার খবর দিল হিজবুল্লাহ

যুদ্ধবিরতি "লঙ্ঘনের„ অভিযোগে ইসরায়েলের একটি শহরে হামলা চালানোর কথা জানিয়েছে লেবাননভিত্তিক শিয়া মুসলিম রাজনৈতিক ও সামরিক সংগঠন হিজবুল্লাহ। সংগঠনটি বলেছে, ইসরায়েল যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করেছে। এর প্রতিক্রিয়ায় তারা উত্তর ইসরায়েলের একটি শহরকে লক্ষ্যবস্তু করেছে। হিজবুল্লাহর দাবি, শুক্রবার স্থানীয় সময় সকাল ১০টায় তারা ইসরায়েল-লেবানন সীমান্তবর্তী কিরিয়াত শমোনা এবং উত্তর ইসরায়েলের আপার গ্যালিলি অঞ্চলের মিসগাভ আম এলাকায় রকেট নিক্ষেপ করেছে। বিবৃতিতে বলা হয়েছে, "আমাদের দেশ ও জনগণের বিরুদ্ধে ইসরায়েল-আমেরিকার আগ্রাসন বন্ধ না হওয়া পর্যন্ত এই জবাব চলতে থাকবে।„ এ বিষয়ে এখনো কোনো মন্তব্য করেনি ইসরায়েল। প্রসঙ্গত, মধ্যপ্রাচ্যে যুদ্ধবিরতির লক্ষ্যে যুক্তরাষ্ট্র ও ইরান দুই সপ্তাহের একটি যুদ্ধবিরতিতে সম্মত হলেও লেবাননে ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে লড়াই অব্যাহত রয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইঙ্গিত দিয়েছে যে, লেবানন এই চুক্তির অন্তর্ভুক্ত নয়। অন্যদিকে, আলোচনার অন্যতম প্রধান মধ্যস্থতাকারী পাকিস্তান দাবি করেছে, লেবাননও এই চুক্তির আওতাভুক্ত।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## লেবাননে 'যুদ্ধবিরতির গুরুতর লঙ্ঘন' নিয়ে উদ্বেগ প্রকাশ পাকিস্তান ও ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রীর

লেবাননে "যুদ্ধবিরতির গুরুতর লঙ্ঘন„ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী জঁ-নোয়েল ব্যারো ও পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দার। তাদের মধ্যকার এক ফোনালাপে এ উদ্বেগ উঠে আসে। আলোচনায় বারো বলেন, অঞ্চলটিতে "দীর্ঘস্থায়ী শান্তি ও স্থিতিশীলতা„ প্রতিষ্ঠায় কূটনৈতিক পথ অনুসরণের পাকিস্তানের প্রচেষ্টাকে সমর্থন করে ফ্রান্স। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, "দুই নেতাই লেবাননে সংঘটিত যুদ্ধবিরতির গুরুতর লঙ্ঘন নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। একইসাথে যুদ্ধবিরতির পূর্ণ বাস্তবায়ন ও তা মেনে চলার গুরুত্বের দিকটিতে জোর দিয়েছেন।„ এমন সময়ে ঘটনাটি ঘটছে, যখন শনিবার পাকিস্তানের ইসলামাবাদে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার সম্ভাব্য শান্তি আলোচনা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। তবে এই আলোচনা আদৌ হবে কি না, তা নিয়ে এখনো অনিশ্চয়তা রয়ে গেছে। এরই মধ্যে যুদ্ধবিরতি চুক্তি সত্ত্বেও, লেবাননে ইসরায়েলি হামলা অব্যাহত রয়েছে। ইসরায়েল জানিয়েছে, ইরান-সমর্থিত হিজবুল্লাহর বিরুদ্ধে তারা এখনো "যুদ্ধাবস্থায়„ রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতি কার্যকর হলেই কেবল ইসরায়েলের সঙ্গে আলোচনা, বিবিসিকে জানিয়েছে লেবানন

লেবাননের প্রেসিডেন্টের কার্যালয়ের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা এইমাত্র বিবিসিকে নিশ্চিত করেছেন, আগে যুদ্ধবিরতি কার্যকর হলে এবং শুধু সে অবস্থাতেই আগামী সপ্তাহে ইসরায়েলের সঙ্গে সরাসরি আলোচনায় অংশ নেবে লেবানন। বৈঠকের দিন ও সময় এখনো নির্ধারণ করা হয়নি। লেবানন ও ইসরায়েলের মধ্যে সরাসরি আলোচনা একেবারে নজিরবিহীন নয়, তবে তা খুবই বিরল। সাধারণত দুই দেশ যুক্তরাষ্ট্রের মতো মধ্যস্থতাকারীদের মাধ্যমে যোগাযোগ করে থাকে। ২০২৪ সালের নভেম্বরের যুদ্ধবিরতি চুক্তির পর থেকেই আলোচনার উদ্যোগ নেওয়ার চেষ্টা চলছিল, যেখানে এর আগে যুক্তরাষ্ট্রের দূতরা উভয় পক্ষের মধ্যে পরোক্ষ আলোচনা পরিচালনা করেছেন। উল্লেখ্য, ইরানে হামলা বন্ধ করলেও, লেবাননে অভিযান চালিয়েই যাচ্ছে ইসরায়েল। ইরান এটাকে "যুদ্ধবিরতি লঙ্ঘন„ বলে দাবি করলেও ইসরায়েল বলছে, লেবানন যুদ্ধবিরতির অন্তর্ভুক্ত নয়।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধে ১ লাখ ২৫ হাজারের বেশি বেসামরিক স্থাপনা ক্ষতিগ্রস্ত : ইরানিয়ান রেড ক্রিসেন্ট

ইরানে যুদ্ধে ১ লাখ ২৫ হাজারের বেশি বেসামরিক স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছে ইরানিয়ান রেড ক্রিসেন্ট সোসাইটি। সংস্থাটির প্রধান পিরহোসেইন কলিভান্দ দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনকে বলেন, সারা দেশে মোট ১ লাখ ২৫ হাজার ৬৩০টি বেসামরিক স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে প্রায় এক লাখ আবাসিক স্থাপনা, যেগুলোর কিছু অংশ "সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে।„ এছাড়া ২৩ হাজার ৫০০টি বাণিজ্যিক স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে, যেগুলো সাধারণ মানুষের জীবিকা নির্বাহের স্থান ছিল। তিনি আরও জানান, হাসপাতাল, ফার্মেসি, ল্যাবরেটরি, স্বাস্থ্যকেন্দ্র ও জরুরি সেবাকেন্দ্রসহ মোট ৩৯৯টি চিকিৎসা স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। কলিভান্দ বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানেও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ৮৭৫টি শিক্ষা কেন্দ্র ও স্কুল এবং ৩২টি বিশ্ববিদ্যালয় হামলার শিকার হয়েছে। এছাড়া, রেড ক্রিসেন্টের ২০টি

কেন্দ্রও ক্ষতিগ্রস্ত হয়েছে বলে উল্লেখ করেন তিনি।বলেন, রেড ক্রিসেন্টের শাখা, ঘাঁটি বা গুদামের মতো ২০টি কেন্দ্রকে সরাসরি টার্গেট করা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## এই সংঘাত ”প্রজন্ম ধরে আমাদের সংজ্ঞায়িত করবে„ : মধ্যপ্রাচ্য সফর শেষে ব্রিটিশ প্রধানমন্ত্রী

মধ্যপ্রাচ্যের দেশগুলোতে তিনদিনের সফর শেষ করে কাতার ত্যাগ করেছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার। সফর শেষে স্টারমার বলেন, ”এই সংঘাত `প্রজন্ম ধরে আমাদের সংজ্ঞায়িত করবে, আর আমাদের তার জবাব দিতে হবে, দৃঢ়ভাবে, দিতে হবে।„ ব্রিটিশ প্রধানমন্ত্রী জানান, উপসাগরীয় দেশের নেতাদের সঙ্গে ”সমষ্টিগত আত্মরক্ষার„ বিষয়েও তিনি আলোচনা করেছেন। উপসাগরীয় দেশগুলোর শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর অধিকাংশ আলোচনাই হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল স্বাভাবিক করার `বাস্তবসম্মত পরিকল্পনার' বিষয়ে ছিল বলেও জানান তিনি। বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল ও গ্যাস এই গুরুত্বপূর্ণ নৌপথ দিয়ে পরিবহণ করা হয়। তবে ইরানের অনুমতি ছাড়া প্রণালি অতিক্রম করা জাহাজে হামলার হুমকি দেওয়ায় চলাচল উল্লেখযোগ্যভাবে কমে গেছে। বৃহস্পতিবার রাতে প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে ফোনে কথা বলেন। ডাউনিং স্ট্রিট জানিয়েছে, বর্তমান যুদ্ধবিরতি পরিস্থিতি এবং হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল সচল করতে ”বাস্তবসম্মত পরিকল্পনা„ নিয়ে আলোচনা করেছেন দুই নেতা। আগামীর দিকে তাকিয়ে বর্তমান যুদ্ধবিরতির ”নাজুক„ অবস্থার বিষয়টি স্টারমার স্বীকার করেছেন। তিনি বলেছেন, দীর্ঘমেয়াদি কোনো শান্তি চুক্তির অংশ হিসেবে হরমুজ প্রণালি দিয়ে চলাচলের ওপর ”কোনো টোল বা বিধিনিষেধ থাকতে পারে না।„ এর পরপরই দোহা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দেশে ফেরার উদ্দেশ্যে রওয়ানা দেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার। এ সময় কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোহাম্মদ বইন আব্দুল আজিজ আল খুলাইফি তাকে বিদায় জানান। বুধবার তিনি জেদ্দায় সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে বৈঠক করেন। পরদিন বৃহস্পতিবার সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন ও কাতার সফর করেন।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## পাকিস্তানে আলোচনার ভিত্তি হবে ইরানের ১০ দফা পরিকল্পনা : মাজিদ তাখত-রাভানচি

ইরানের ১০ দফা পরিকল্পনাই পাকিস্তানে আসন্ন আলোচনার ভিত্তি হবে বলে জানিয়েছেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপমন্ত্রী মাজিদ তাখত-রাভানচি। তিনি বলেছেন, ”এই বিষয়ে সম্মতি এসেছে যে, আলোচনার ভিত্তি হিসেবে ইরানের ১০ দফা পরিকল্পনাকে গ্রহণ করা হবে।„ তেহরানে অবস্থানরত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, কূটনৈতিক মিশনের প্রধান এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের উপস্থিতিতে এক বৈঠকে তাখত- রাভানচি বলেছেন, ”ইসলামি প্রজাতন্ত্র ইরান সব সময় কূটনীতি ও সংলাপকে স্বাগত জানায়। তবে তা এমন কোনো সংলাপ নয়, যা ভুয়া তথ্যের ওপর ভিত্তি করে প্রতারণার উদ্দেশ্যে হবে এবং ইরানের বিরুদ্ধে পুনরায় সামরিক আগ্রাসনের পথ তৈরি করবে।„ তিনি আরও বলেন, ”আমরা এমন কোনো যুদ্ধবিরতি চাই না, যা আগ্রাসী পক্ষকে পুনরায় শক্তি সঞ্চয় করে আবার হামলা চালানোর সুযোগ করে দেবে। আমরা আমাদের বন্ধুদের স্পষ্টভাবে জানিয়েছি, কোনো ধরনের নিশ্চয়তা ছাড়া এমন পরিস্থিতি আর মেনে নেওয়া হবে না।„ অন্যদিকে, দুইদিন আগে হোয়াইট হাউসের এক মুখপাত্র জানান, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম ইরানের এই ১০ দফা পরিকল্পনাকে ”পুরোপুরি প্রত্যাখ্যান„ করেছেন। এদিকে ইরান ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদের মধ্যে আলোচনা আগামীকাল ইসলামাবাদে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। তাখত-রাভানচি তার বক্তব্যে ইরানের ওপর হামলার নিন্দা জানানো দেশগুলোর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন এবং কিছু ইউরোপীয় দেশের অবস্থানকে কঠোর সমালোচনা করেছেন। তিনি বলেন, ”ইসরায়েলের আধিপত্যবাদ ও যুদ্ধংদেহি নীতি পুরো অঞ্চলের জন্য হুমকি।„
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## লেবানন থেকে রকেট নিক্ষেপের পর হিজবুল্লাহর অবস্থান লক্ষ্য করে হামলার দাবি ইসরায়েলের

যুক্তরাষ্ট্র ও ইরানের সম্ভাব্য আলোচনা ঘিরে পাকিস্তান প্রস্তুতি নিলেও, ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে সংঘাত অব্যাহত রয়েছে। ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) জানিয়েছে, দক্ষিণ লেবানন থেকে হিজবুল্লাহ ইসরায়েলের দিকে রকেট নিক্ষেপের বিষয়টি তারা শনাক্ত করেছে। আইডিএফের দাবি, ওই হামলার জবাবে তারা রকেট নিক্ষেপের জন্য ব্যবহৃত স্থাপনায় হামলা চালিয়েছে, যাতে করে ”হুমকি দূর করা যায়।„ এদিকে ইসরায়েলের জরুরি সেবা সংস্থা ম্যাগেন ডেভিড এডম জানিয়েছে, উত্তর ইসরায়েল লক্ষ্য করে রকেট হামলার ঘটনায় এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## ইরান 'সৎভাবে' এগোলে যুক্তরাষ্ট্র সহযোগিতার হাত বাড়াবে : জেডি ভান্স

পাকিস্তানে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আসন্ন আলোচনার আগে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স বলেছেন, ইরান ”সৎভাবে„ এগোলে যুক্তরাষ্ট্র তাদের প্রতি ”সহযোগিতার হাত বাড়িয়ে দেবে„। এয়ার ফোর্স টু-তে ওঠার আগে ভান্স বলেন, ”আমরা এই আলোচনা নিয়ে আশাবাদী।„ তিনি আরও বলেন, ইরান যদি ”সৎ উদ্দেশ্য„ নিয়ে আলোচনায় অংশ

নেয়, তাহলে যুক্তরাষ্ট্র ইতিবাচক সাড়া দেবে। তবে তারা যদি "প্রতারণার চেষ্টা করে,„ তাহলে যুক্তরাষ্ট্র তাতে সাড়া দেবে না। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আলোচনার বিষয়ে তাকে নির্দেশনা দিয়েছেন বলেও জানান তিনি। হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট আগেই জানিয়েছেন, শনিবার শুরু হতে যাওয়া এই আলোচনা ইসলামাবাদে অনুষ্ঠিত হবে। এই আলোচনায় বিশেষ দূত স্টিভ উইটকফ এবং জ্যারেড কুশনার মি. ভান্সের সঙ্গে থাকবেন। তবে পাকিস্তানে অবস্থানরত সংবাদদাতার তথ্য অনুযায়ী, ইসলামাবাদ এখনও ইরানি প্রতিনিধিদলের আগমনের অপেক্ষায় রয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ এলিনা)

## পদে বসার পর সবচেয়ে কঠিন দায়িত্বে জেডি ভান্স

পদে বসার পর সবচেয়ে কঠিন দায়িত্ব কাঁধে নিয়ে ইসলামাবাদের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স। শনিবার ইসলামাবাদে অনুষ্ঠিতব্য যুক্তরাষ্ট্র-ইরান সংলাপে মার্কিন প্রতিনিধিদলের নেতৃত্বে থাকা ভান্স থাকবেন আলোচনার কেন্দ্রে। এই আলোচনা এমন এক সময়ে হচ্ছে, যখন উভয়পক্ষই দুই সপ্তাহের অস্থায়ী যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। স্থায়ী কোনো সমাধানে পৌঁছাতে ভান্সকে কঠিন ভারসাম্য রক্ষা করতে হবে, যা একইসাথে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, তেহরান, ইসরায়েল এবং যুক্তরাষ্ট্রের মিত্রদের সন্তুষ্ট করবে। এছাড়াও, ট্রাম্প ও ভান্সের, সমর্থকদের মধ্যে যারা অন্যদেশে যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপ চায় না, তাদের চাপও থাকবে। তবে সংঘাতের সব পক্ষ সন্তুষ্ট হবে অথবা দ্রুত কোনো উপায়ে হরমুজ প্রণালি পুনরায় পুরোপুরি চালু করা এবং তেলের দাম কমানো যাবে- এমন কোনো সমাধান পাওয়া আদৌ সম্ভব কিনা, তা এখনও পরিষ্কার নয়। ওয়াশিংটন ছাড়ার সময় ভান্স বলেছেন, আলোচনার জন্য মার্কিন দলকে "স্পষ্ট নির্দেশনা„ দিয়েছেন ট্রাম্প। তবে সেই নির্দেশনার বিস্তারিত কিংবা আলোচনার ফলাফল কী হবে- তা এখনো অনিশ্চিত।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রনি)

## আলোচনার জন্য ইরানের দুইটি শর্ত এখনও পূরণ হয়নি : গালিবাফ

ইরানের দুটি শর্ত এখনো পূরণ না হওয়ায় যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা শুরু হয়নি বলে জানিয়েছেন ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স (সাবেক টুইটার)-এ তিনি লিখেছেন, আলোচনার আগে উভয়পক্ষের সম্মত হওয়া দুইটি পদক্ষেপ এখনও বাস্তবায়িত হয়নি, যার একটি হলো- লেবাননে যুদ্ধবিরতি এবং অন্যটি ইরানের জব্দকৃত সম্পদ মুক্ত করা। "আলোচনা শুরুর আগে এই দুটি বিষয়ের বাস্তবায়ন হতে হবে।„ এদিকে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স ইতোমধ্যে পাকিস্তানের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছেন এবং আলোচনা ঘিরে আশাবাদ ব্যক্ত করেছেন। আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করা না হলেও, ধারণা করা হচ্ছে গালিবাফ নিজেও ইরানের আলোচনাকারী দলের অংশ হতে পারেন। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম দাবি করেছে, ইসরায়েল লেবাননে যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। তবে এ বিষয়ে ইসরায়েলের পক্ষ থেকে এখনও বিষয়টি নিশ্চিত করা হয়নি।
( বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রনি)

## ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা শনিবার, কঠোর নিরাপত্তায় প্রস্তুত ইসলামাবাদ

শনিবার পাকিস্তানের ইসলামাবাদে অনুষ্ঠিত হতে যাচ্ছে ইরান-যুক্তরাষ্ট্র শান্তি আলোচনা। বর্তমানে বিশ্ব গণমাধ্যমের আগ্রহের কেন্দ্রে এই সংলাপ। উচ্চপর্যায়ের এই বৈঠককে কেন্দ্র করে জোরদার করা হয়েছে ইসলামাবাদের নিরাপত্তা ব্যবস্থা। প্রতিনিধি দলে কে বা কারা থাকবেন, তারা কখন ইসলামাবাদে পৌঁছাবেন কিংবা কীভাবে আলোচনা হবে, এসব বিষয়ে এখন পর্যন্ত স্পষ্ট কোনো তথ্য পাওয়া যায়নি। শুক্রবার বিকেল পর্যন্ত ইসলামাবাদে সরকারি ভবন ও বিভিন্ন দূতাবাস থাকা রাজধানীর `রেড জোন, এলাকা সাংবাদিকদের জন্য উন্মুক্ত থাকলেও, এখন তা সব ধরনের মানুষ ও যান চলাচলের জন্য পুরোপুরি বন্ধ। রেড জোনের আশপাশের এলাকাগুলোতে ক্যামেরা হাতে দেশি-বিদেশি সাংবাদিকদের উপস্থিতি চোখে পড়ছে। পাকিস্তান সরকার সাংবাদিকদের জন্য জিন্নাহ কনভেনশন সেন্টার বরাদ্দ দিয়েছে। এদিকে, এরই মধ্যে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স এয়ার ফোর্স টু-তে করে পাকিস্তানের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছেন। তবে শেষ পর্যন্ত আলোচনা হবে কিনা, তা নিয়ে এখনও অনিশ্চয়তা রয়ে গেছে। বিশেষ করে লেবাননে ইসরায়েলের হামলা অব্যাহত রয়েছে। ফলে যুদ্ধবিরতির অভিযোগ তুলেছে ইরান। অন্যদিকে, যুদ্ধবিরতির চুক্তিতে লেবানন না থাকার ইঙ্গিত দিয়েছে যুক্তরাষ্ট্র। আর এনিয়ে কোনো মন্তব্যই করেনি ইসরায়েল। এদিকে, চুক্তি ভঙ্গের বিষয়ে পরস্পরের দিকে আঙুল তুললেও যুক্তরাষ্ট্র ও ইরানের শীর্ষ পর্যায়ের নেতারা আলোচনার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেছেন। তবে শর্ত পূরণ না হলে কঠোর অবস্থানের হুঁশিয়ারিও এসেছে উভয়পক্ষ থেকেই।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রনি)

## লেবাননে ইসরায়েলি হামলায় রাষ্ট্রীয় নিরাপত্তা বাহিনীর ১৩ জন সদস্য নিহত

দক্ষিণ লেবাননের নাবাতিয়েহ শহরে ইসরায়েলি হামলায় রাষ্ট্রীয় নিরাপত্তা বাহিনীর ১৩ জন সদস্য নিহত হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম এক্স (সাবেক টুইটার)-এ দেওয়া এক পোস্টে দেশটির প্রেসিডেন্ট জোসেফ আউনের

কার্যালয় এ তথ্য জানিয়েছেন। প্রেসিডেন্ট আউন এই হামলার তীব্র নিন্দা জানিয়েছেন। এ বিষয়ে এখনো কোনো মন্তব্য করেনি ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী- আইডিএফ।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রনি)

## এনএইচকে

### পাকিস্তানে আলোচনার আগে হরমুজ প্রণালি নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মতবিরোধ অব্যাহত

দুই সপ্তাহের যুদ্ধবিরতিতে উভয়পক্ষ সম্মত হওয়ার পর, শনিবার পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে সংঘাত নিরসনে আলোচনার আগেও হরমুজ প্রণালি ব্যবস্থাপনা নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মতপার্থক্য রয়ে গেছে। হোয়াইট হাউস জানাচ্ছে, মার্কিন প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী সাঈদ খাতিবজাদেহ বৃহস্পতিবার বিবিসিকে বলেন, সংসদীয় স্পিকার মোহাম্মদ বাঘের ঘালিবাফ ইরানি প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন। এদিকে, যুক্তরাষ্ট্রের সঙ্গে যৌথভাবে ইরানের ওপর হামলাকারী ইসরায়েল, ইরান-সমর্থিত শিয়া মুসলিম গোষ্ঠী হিজবুল্লাহর বিরুদ্ধে তাদের অভিযান অব্যাহত রেখেছে। বৃহস্পতিবার ইসরায়েলি সামরিক বাহিনী লেবাননের রাজধানী বৈরুতের উপকণ্ঠ থেকে লোকজনকে সরে যাওয়ার আহ্বান জানায়। লেবাননের বিভিন্ন কর্তৃপক্ষ জানাচ্ছে যে, বুধবার থেকে এ পর্যন্ত ৩০৩ জন নিহত হয়েছেন। হরমুজ প্রণালি কার্যত বন্ধ রয়েছে। ইরানের গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, ইসলামিক বিপ্লবী গার্ড বাহিনী প্রণালিটি দিয়ে যাতায়াতের জন্য নির্দিষ্ট পথ নির্ধারণ করে দিয়েছে। এছাড়া, ট্যাংকার চলাচলের জন্য ইরান মাশুলও আদায় করছে বলে জানা গেছে।
(এনএইচকে ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

### হরমুজ প্রণালি পার হওয়ার অনুমতি পায়নি বাংলাদেশের জাহাজ ‘বাংলার জয়যাত্রা,

বাংলাদেশ শিপিং করপোরেশন (বিএসসি)-এর জাহাজ ‘বাংলার জয়যাত্রা, হরমুজ প্রণালির কাছাকাছি পৌঁছেও তা অতিক্রম করতে পারেনি। ইরান যুদ্ধের কারণে প্রায় ৪০ দিন পারস্য উপসাগরে আটকে থাকার পর যুদ্ধবিরতি কার্যকর হলে বুধবার সকালে সৌদি আরবের দাম্মাম বন্দরের বহির্নোঙর এলাকা ত্যাগ করে জাহাজটি। তবে বৃহস্পতিবার রাতে প্রণালির কাছে পৌঁছে ইরানি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করলে অনুমতি দেওয়া হয়নি বলে জানিয়েছেন বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমোডর মাহমুদুল মালেক। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে তিনি জানান, জাহাজটি এখন নিরাপদ স্থানে অপেক্ষা করবে। সরকার কূটনৈতিক মাধ্যমে নিরাপদ পারাপারের চেষ্টা চালাবে। মাহমুদুল মালেক বলেন, রোববার বা সোমবারের মধ্যে ট্রানজিট অনুমতি পাওয়া যেতে পারে। জাহাজটিতে ৩১ জন বাংলাদেশি নাবিক রয়েছেন। এটি কাতারের একটি বন্দর থেকে স্টিল কয়েল নিয়ে ২৭ ফেব্রুয়ারি সংযুক্ত আরব আমিরাতে যায়। যুদ্ধের কারণে উপসাগরে আটকে পড়ে। জাহাজটির প্রধান প্রকৌশলী মো. রাশেদুল আলম জানান, বৃহস্পতিবার স্থানীয় সময় রাত ১০টার দিকে হরমুজ প্রণালি থেকে প্রায় ৬০ নটিক্যাল মাইল দূরত্বে পৌঁছে ভিএইচএফ রেডিওর মাধ্যমে দুইবার ইরানি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হয়। প্রথম দুইবার ব্যর্থ হলেও তৃতীয়বার যোগাযোগ করা সম্ভব হয়। কিন্তু পারাপারের অনুমতি চাওয়া হলে ইরানি কর্তৃপক্ষ তা নাকচ করে দেয়। এরপর জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের মিনাসাকার গিয়ে স্থানীয় সময় ভোর ৩টার দিকে নোঙর করে। রাশেদুল আলম বলেন, জাহাজটি বর্তমানে হরমুজ প্রণালি থেকে প্রায় ২০ নটিক্যাল মাইল দূরে একটি নোঙর স্থলে অবস্থান করছে এবং দ্রুত অনুমতিসাপেক্ষে পারাপারের অপেক্ষায় রয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রুবাইয়া)

### টিকার ঘাটতিতে বাংলাদেশে প্রাণঘাতী হাম সংকট আরো তীব্র

শিশু সন্তানের অসহ্য যন্ত্রণা ও শ্বাসকষ্ট প্রশমন করতে কোলে নিয়ে তাকে দোল দিচ্ছিলেন ১৮ বছর বয়সি রুবিয়া আক্তার বৃষ্টি আর বর্ণনা করছিলেন প্রাণঘাতী হামের প্রাদুর্ভাব তার ছেলেকে কীভাবে প্রায় মৃত্যুর দ্বারে নিয়েছিল। ”ছেলেটার প্রচণ্ড জ্বর ছিল, শ্বাস নিতে খুব কষ্ট হচ্ছিল„ এক বছরের মিনহাজের জ্বরের তাপে উত্তপ্ত কপাল মুছতে মুছতে এএফপিকে বলছিলেন বৃষ্টি। ”সারা শরীরে র‍্যাশ উঠেছিল।„ হামে ভুগে গত ১৫ মার্চ থেকে বাংলাদেশে যে এ পর্যন্ত কমপক্ষে ১৪৩ জন মারা গেছে, তাদের মধ্যে অধিকাংশই শিশু। এছাড়া ১২ হাজারেরও বেশি রোগীকে সম্ভাব্য হাম-রোগী হিসেবে শনাক্ত করা হয়েছে। এমনটি গত ২০ বছরের মধ্যে দক্ষিণ এশিয়ার এই দেশটিতে আর কখনও হয়নি। আরো অনেকের মতো বৃষ্টিও জরুরি সহায়তার জন্য গ্রাম থেকে রাজধানী ঢাকায় ছুটে এসেছেন। এসেছেন মহাখালীর ডিএনসিসি হাসপাতালে। মূলত, কোভিড-১৯-এর জন্য স্থাপিত হাসপাতালটি এখন রোগীর ভিড়ে উপচে পড়ছে। ওয়ার্ড জুড়ে চলছে শিশুদের কাশি আর যন্ত্রণা-কাতর আর্তনাদ। ছোট্ট শরীরগুলো র‍্যাশে ক্ষতবিক্ষত। সন্তানদের মুখের ওপর নেবুলাইজার ধরে রেখেছেন মায়েরা, যাতে ওদের ছোট্ট ফুসফুস একটু বাতাস নিতে পারে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে,

বিশ্বের অন্যতম সংক্রামক রোগ হাম, যা কাশি বা হাঁচির মাধ্যমে ছড়ায়। যে-কোনো বয়সের মানুষেরই এ রোগ হতে পারে। তবে শিশুদের মধ্যেই এর প্রকোপ সবচেয়ে বেশি দেখা যায়। হামের সুচিকিৎসা না হলে রোগীর মস্তিষ্কের ফোলাভাব দেখা দিতে পারে, গুরুতর শ্বাসকষ্টের মতো জটিলতাও সৃষ্টি হতে পারে। নুসরাত জাহানের দুই সন্তানই অসুস্থ। টিকার কার্ড হারিয়ে ফেলায় তাদের টিকা দিতে পারেননি। নুসরাত জানালেন, তার দুই সন্তানই খুব কষ্ট পাচ্ছে। দুই সন্তানকে তিনি একসঙ্গে দেখতে পারছেন না। এ কারণে অনেক বেশি ধকল সইতে হচ্ছে তাকে। বললেন, ”একজন প্রথম তলায়, অন্যজন দ্বিতীয় তলায় ভর্তি। মাঝখানে পড়ে গেছি আমি । কারণ, দুই বাচ্চাই আমার জন্য কাঁদে।„

**টিকাদান কর্মসূচি**

সংক্রামক রোগ মোকাবিলায় টিকাদানের ক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতি উল্লেখযোগ্য। কিন্তু শেখ হাসিনার সরকারের বিরুদ্ধে ভয়াবহ গণ-অভ্যুত্থান চলার কারণে ২০২৪ সালে নির্ধারিত হামের টিকাদান কর্মসূচি পিছিয়ে যায়। মহাখালীর ডিএনসিসি হাসপাতালের ওয়ার্ডে ভর্তি অনেক শিশুর পরিবারই জানিয়েছেন, তারা যে এলাকা থেকে এসেছেন, সেখানে টিকার আওতা সীমিত ছিল। এক বছর বয়সি সাফওয়ানের দাদি ইয়াসমিন খাতুন বললেন, ”আমরা ওকে কেন্দ্রে নিয়ে গিয়েছিলাম, কিন্তু সেখানে হামের কোনো টিকা ছিল না।„ স্বাস্থ্য কর্তৃপক্ষ এখন হামের বিস্তার রোধ এবং টিকাদান কর্মসূচি চালু করায় তৎপর। গত ৫ এপ্রিল জাতিসংঘের সংস্থাগুলোর সঙ্গে যৌথভাবে একটি জরুরি হাম-রুবেলা টিকাদান কর্মসূচি চালু করেছে কর্তৃপক্ষ। এ কর্মসূচির লক্ষ্য ১২ লক্ষেরও বেশি শিশুকে সুরক্ষা দেওয়া। সরকারি স্বাস্থ্য পরিষেবার মুখপাত্র জাহিদ রায়হান বার্তা সংস্থা এএফপিকে বলেন, মোট আক্রান্ত শিশুর মধ্যে ১৭ শতাংশ ইতোমধ্যে একটি ডোজ এবং ১১ শতাংশ দুটি ডোজ পেয়েছে। তবে তিনি আরো বলেন, ”গোষ্ঠীগত ইমিউনিটি না থাকলে টিকা দেওয়ার পরেও শিশুরা সংক্রমিত হতে পারে। রায়হান জানান, সে আশঙ্কা দূর করতে ৯৫ শতাংশ শিশুকে টিকা দেওয়া প্রয়োজন। কিন্তু ২০২৫ সালে সেই লক্ষ্য পূরণ হয়নি। রায়হান জানান, ”গত বছর এই হার ছিল মাত্র ৫৯ শতাংশ।„ বাংলাদেশের অনেক স্থানেই হামে কষ্ট পাচ্ছে শিশুরা। সেভ দ্য চিলড্রেন বাংলাদেশের গোলাম মোথাব্বির জানান, সবচেয়ে খারাপ অবস্থায় আছে এমন স্থানগুলোর মধ্যে জনবহুল রাজধানী ঢাকা এবং কক্সবাজারের ঘনবসতিপূর্ণ শরণার্থী শিবির অন্যতম। টিকার ঘাটতির কারণে কী পরিস্থিতি দেখা দিতে পারে, তা ভেবে মোথাব্বির শঙ্কিত। তিনি বলেন, ”পর্যাপ্ত টিকা দেওয়া না হলে, অথবা টিকাদান কর্মসূচি অব্যাহত রাখা না গেলে, এই প্রাদুর্ভাব ছড়াতে থাকবে এবং শিশু ওয়ার্ডগুলো ভরে যেতে থাকবে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রুবাইয়া)

## বগুড়া-৬, শেরপুর-৩ উপ-নির্বাচনে জয়ী বিএনপি প্রার্থী

বগুড়া-৬ আসনের (সদর) উপ-নির্বাচনে জয়ী হয়েছেন বিএনপির প্রার্থী রেজাউল করিম (বাদশা)। তবে সরকারিভাবে এখনো ঘোষণা করা হয়নি। বৃহস্পতিবারের নির্বাচনে তিনি ৭৬ হাজার ৭৭২ ভোটের ব্যবধানে জামায়াতের প্রার্থী আবিদুর রহমানকে (সোহেল) পরাজিত করেন। অন্যদিকে, শেরপুর-৩ (শ্রীবরদী-ঝিনাইগাতী) আসনের নির্বাচনে জয়ী হয়েছেন বিএনপির প্রার্থী মাহমুদুল হক (রুবেল)। তিনি ১ লাখ ১৯ হাজার ৬৬ ভোটের ব্যবধানে জামায়াতের প্রার্থী মাসুদুর রহমানকে পরাজিত করেন। গত ১২ ফেব্রুয়ারি জাতীয় নির্বাচনে বগুড়া-৬ আসনটি জেতেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। একইসঙ্গে তিনি ঢাকা-১৭ আসনেও জয়ী হন। পরে তিনি বগুড়া-৬ আসন ছেড়ে দেওয়ায় উপনির্বাচন অনুষ্ঠিত হলো। অন্যদিকে, গত নির্বাচনে শেরপুর-৩ আসনে জামায়াতের প্রার্থী নুরুজ্জামান বাদলের মৃত্যুর কারণে এ আসনে নির্বাচন স্থগিত করা হয়েছিল। পরে তার ছোটো ভাই মাসুদুর রহমানকে প্রার্থী করে দল। দুটি কেন্দ্রে হারের পর নির্বাচনকে `প্রহসনমূলক, বলেন জামায়াতের নেতারা।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## জ্বালানিতে ভর্তুকির বাইরেও লাগবে ৩৬ হাজার কোটি টাকা, বাজেট ঘাটতি বাড়বে : সংসদে অর্থমন্ত্রী

মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধের প্রভাবে বৈশ্বিক বাজারে জ্বালানির মূল্য অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়ায় বাংলাদেশের ওপর ভর্তুকির চাপ ব্যাপকভাবে বেড়ে গেছে। এ অবস্থায় অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী জানিয়েছেন, চলতি অর্থবছরের মার্চ থেকে জুন সময়ে বিদ্যুৎ, জ্বালানি ও এলএনজি খাতে নির্ধারিত ভর্তুকির বাইরে সরকারকে অতিরিক্ত প্রায় ৩৬ হাজার কোটি টাকা ব্যয় করতে হবে। শুক্রবার জাতীয় সংসদে ৩০০ বিধিতে দেওয়া বক্তব্য তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী তার বক্তব্যে দেশের সার্বিক অর্থনৈতিক চিত্র তুলে ধরেন। তিনি বলেন, আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেল ও এলএনজির মূল্য দ্বিগুণেরও বেশি বেড়ে যাওয়ায়, এই অতিরিক্ত ভর্তুকি প্রয়োজন হচ্ছে। এর ফলে একদিকে বাজেট ঘাটতি বাড়বে, অন্যদিকে প্রায় ৩ বিলিয়ন মার্কিন ডলারের অতিরিক্ত আমদানি ব্যয় বৈদেশিক মুদ্রার রিজার্ভের ওপর চাপ সৃষ্টি করবে। অর্থমন্ত্রী বলেন, আমরা দায়িত্ব গ্রহণের মাত্র ১০ দিনের মাথায় মধ্যপ্রাচ্যে ইরান-ইসরায়েল যুদ্ধ শুরু হয়েছে, যা বৈশ্বিক জ্বালানি বাজার, সরবরাহ শৃঙ্খল এবং আন্তর্জাতিক বাণিজ্যে নতুন অনিশ্চয়তা তৈরি করেছে। জ্বালানি তেল ও এলএনজির মূল্য আন্তর্জাতিক বাজারে দ্বিগুণের বেশি বেড়ে গেছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## ট্রিলিয়ন ডলার অর্থনীতির পথে বাংলাদেশ : সংসদে অর্থমন্ত্রী

২০৩৪ সালের মধ্যে বাংলাদেশকে ট্রিলিয়ন ডলারের অর্থনীতিতে উন্নীত করার লক্ষ্যে বর্তমান সরকার কাজ করছে বলে জাতীয় সংসদে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, অর্থনৈতিক গণতন্ত্রায়ণ, সুশাসন নিশ্চিতকরণ এবং বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে এই লক্ষ্য অর্জন করা হবে। শুক্রবার জাতীয় সংসদে ৩০০ বিধিতে দেওয়া বক্তব্যে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী তার বক্তব্যে দেশের সার্বিক অর্থনৈতিক চিত্র তুলে ধরেন। সংসদে দেওয়া বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, দীর্ঘ সময়ের অর্থনৈতিক বিশৃঙ্খলা, সামাজিক বৈষম্য ও প্রাতিষ্ঠানিক দুর্বলতার প্রেক্ষাপটে জনগণের প্রত্যাশা পূরণে সরকার এরই মধ্যে নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়ন শুরু করেছে। নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের পরপরই প্রধানমন্ত্রী নেতৃত্বাধীন সরকার দ্রুত কার্যক্রম হাতে নেয়।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## এলএনজি-এলপিজি নিয়ে দেশের পথে আরও ৫ জাহাজ

মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক যুদ্ধবিরতির পর, জ্বালানি সরবরাহের ওপর চাপ কিছুটা কমার ইঙ্গিত মিলছে। আগামী ১৫ এপ্রিলের মধ্যে দেশে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি ও তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজি নিয়ে অন্তত পাঁচটি জাহাজ দেশে পৌঁছানোর কথা রয়েছে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট শিপিং এজেন্টদের তথ্য অনুযায়ী, এসব চালানে মহেশখালীর ভাসমান টার্মিনালের জন্য এলএনজি এবং চট্টগ্রামের জন্য এলপিজি রয়েছে। শুক্রবার মালয়েশিয়া থেকে ২ হাজার ৪৭০ টন এলপিজি নিয়ে `মর্নিং জেলি, নামের একটি জাহাজ চট্টগ্রাম বন্দরে পৌঁছানোর কথা রয়েছে বলে জানিয়েছে বন্দর কর্তৃপক্ষ। একই দিনে যুক্তরাষ্ট্র থেকে প্রায় ৬৯ হাজার টন এলএনজি নিয়ে `ইএমইআই, নামের আরেকটি জাহাজ মহেশখালীর ভাসমান স্টোরেজ ও রিগ্যাসিফিকেশন ইউনিটে পৌঁছাবে। এরপর ১১ এপ্রিল `কংটং, নামের আরেকটি এলএনজি জাহাজ একই পরিমাণ কার্গো নিয়ে যুক্তরাষ্ট্র থেকে আসার কথা রয়েছে। ১৩ এপ্রিল মালয়েশিয়া থেকে এলপিজি নিয়ে `পল, নামের একটি জাহাজ চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে পৌঁছাবে। আর ১৫ এপ্রিল অস্ট্রেলিয়া থেকে ৬৪ হাজার ৬৭৮ টন এলএনজি নিয়ে `ম্যারান গ্যাস হাইড্রা, আসার সম্ভাবনা রয়েছে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সচিব সৈয়দ রেফায়েত হামিম বলেন, পাঁচটি জাহাজই বর্তমানে সমুদ্রপথে রয়েছে এবং জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে এসব জাহাজের বার্থিংকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## সরকার জুলাইয়ের চেতনা বাস্তবায়নের পথে : অ্যাটর্নি জেনারেল

অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল বলেছেন, জুলাই বিপ্লবের মধ্যদিয়ে ফ্যাসিবাদবিরোধী রাষ্ট্র বিনির্মাণের প্রত্যাশা জনগণ করেছিল। দেশের মানুষের সেই প্রত্যাশা পূরণে বর্তমান সরকারের অঙ্গীকার অত্যন্ত সুস্পষ্ট। এ সরকার জুলাইয়ের চেতনা বাস্তবায়নের পথে এগিয়ে চলেছে। এরই মধ্যে সরকার জুলাই যোদ্ধাদের সুরক্ষা নীতিমালা প্রণয়ন করেছে। শুক্রবার সকালে ঝিনাইদহের কোটচাঁদপুর পাইলট হাইস্কুল মাঠে সুধীজনের সঙ্গে মতবিনিময় শেষে তিনি এ কথা বলেন। অ্যাটর্নি জেনারেল বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে দেশে ফ্যাসিবাদবিরোধী চেতনার জন্ম হয়েছে। বর্তমান সরকার জুলাই বিপ্লবের সেই চেতনার বহিঃপ্রকাশ। শহিদ আবু সাইদ হত্যা মামলার রায় প্রসঙ্গে তিনি বলেন, ট্রাইবুনাল সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে রায় দিয়েছেন। রায়ে সংক্ষুব্ধ পক্ষের আইনগতভাবে আপিলের সুযোগ আছে। সরকার কিংবা আসামিপক্ষ রায়ের বিপক্ষে আগামী ৩০ দিনের মধ্যে আপিল করতে পারবেন। আমাদের একটা বিষয় মনে রাখতে হবে, অভিযুক্ত আসামি সব সময়ই নিজেকে নির্দোষ দাবি করে থাকে। তবে, সংক্ষুব্ধ পক্ষকে মিডিয়ায় প্রতিক্রিয়া জানানোর চেয়ে আদালতের আশ্রয় নেওয়া এবং আদালতেই তাদের বক্তব্য তুলে ধরা উচিত।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## র‍্যাবের অভিযানে ১ লাখ ৬৫ হাজার লিটার ভোজ্যতেল জব্দ

দেশব্যাপী ভোজ্যতেলের কৃত্রিম সংকট রোধে কঠোর অবস্থানে রয়েছে র‍্যাব। অসাধু মজুতদার ও কালোবাজারিদের বিরুদ্ধে সমন্বিত অভিযান জোরদার করে দেশের বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়েছে। একদিনেই ২০টি ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে বিপুল পরিমাণ অবৈধ মজুত চিহ্নিত করা হয়েছে এবং আর্থিক জরিমানা করা হয়েছে। এসব অভিযানে মোট ১ লাখ ৬৫ হাজার ২৫ লিটার ভোজ্যতেলের অস্বাভাবিক মজুত শনাক্তের পর জব্দ করা হয়। এ সময় বিভিন্ন অপরাধে মোট ৩ লাখ ৫৩ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত। শুক্রবার র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী এসব তথ্য জানান। তিনি জানান, অভিযানের অংশ হিসেবে ফেনী জেলার ইসলাম রোড এলাকায় একটি তেলের গুদামে অবৈধ মজুতের দায়ে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। একইদিনে রাজধানীর পল্টন, শান্তিনগর, নয়াপল্টন ও পুরানা পল্টন এলাকায় বাজার মনিটরিং করে ব্যবসায়ীদের অতিরিক্ত মজুত ও বেশি দামে বিক্রি না করার নির্দেশনা দেওয়া হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## ব্যাটারিচালিত রিকশা গলার কাটা, দিনে গিলছে ৮০০ মেগাওয়াট বিদ্যুৎ

মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাবে টালমাটাল বিশ্ব। উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় সরকারি-বেসরকারি অফিস ও ব্যাংকের সময়সূচি পরিবর্তন করেছে সরকার। পাশাপাশি কৃচ্ছ্রসাধন ও ব্যয় সংকোচনমূলক একগুচ্ছ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈশ্বিক এ সংকটেও দেশে বিদ্যুতের অপচয় হচ্ছে দেদারসে। বিশেষ করে ব্যাটারিচালিত অটোরিকশার মাধ্যমে বিদ্যুতের অপচয় রোধে এখনো কোনো সিদ্ধান্ত নেয়নি সরকার। অথচ, দেশের মোট বিদ্যুৎ উৎপাদনের ৫ শতাংশই চলে যাচ্ছে এসব অবৈধ অটোরিকশার ব্যাটারির চার্জে। বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ সিপিডির তথ্য বলছে, প্রতিদিন জাতীয় গ্রিড থেকে অন্তত ৭৫০ থেকে ৮০০ মেগাওয়াট বিদ্যুৎ খরচ হচ্ছে শুধুমাত্র ব্যাটারিচালিত অটোরিকশা চার্জ দিতেই। এসব চার্জিং স্টেশনের বৈদ্যুতিক লাইনের বেশিরভাগই নেওয়া অবৈধ উপায়ে। এতে বছরে প্রায় ৪ হাজার কোটি টাকার রাজস্ব হারাচ্ছে সরকার। বিশেষজ্ঞরা বলছেন, বিষফোড়ার মতো ব্যাটারিচালিত রিকশা এখন গলার কাটা। দুর্ঘটনার হিসাব ছাড়াও অন্তত বিদ্যুৎ সাশ্রয় করতে হলে এসব রিকশা নিয়ম-কানুনের মধ্যে আনা জরুরি। শহর কিংবা গ্রাম-গঞ্জে অনেকেই বাসাবাড়ির সংযোগ থেকে রিকশার ব্যাটারি চার্জ দিচ্ছেন। ফলে বাসাবাড়ির লাইনের বিদ্যুৎ ব্যবহার অস্বাভাবিকভাবে বেড়ে যাচ্ছে। কিন্তু তারা যে বিল দিচ্ছেন, তা বাণিজ্যিক হারের তুলনায় অনেক কম। আবার অনেক ক্ষেত্রে সরাসরি বিদ্যুতের খুঁটি থেকে অবৈধ সংযোগ নেওয়া হচ্ছে, যা সিস্টেম লস হিসেবে বিবেচিত। এর ফলেও বিপুল অঙ্কের রাজস্ব হারাচ্ছে সরকার।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## জ্বালানি সংকটে সোনা মসজিদ স্থলবন্দরে স্থবিরতা, বেড়েছে ট্রাকের ভাড়া

চাঁপাইনবাবগঞ্জের সোনা মসজিদ স্থলবন্দর বর্তমানে জ্বালানি সংকটের প্রভাবে কার্যক্রমে স্থবিরতা দেখা দিয়েছে। দেশের অন্যান্য স্থানের সঙ্গে স্থলবন্দর রুটের ট্রাক চলাচল প্রায় অর্ধেকে নেমেছে। এতে পণ্য পরিবহণে সমস্যাসহ উদ্‌বিগ্ন ব্যবসায়ীরা। এমন অবস্থায় ২০ থেকে ৩০ শতাংশ ভাড়া বাড়িয়েছেন ট্রাক চালকরা। বৃহস্পতিবার সকালে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার সোনা মসজিদ স্থলবন্দর দিয়ে দেখা যায়, বন্দরের পাশে কয়লাবাড়ি ট্রাক টার্মিনালে দাঁড়িয়ে আছে শত শত ট্রাক। জ্বালানি সংকটের কারণে ট্রিপ ধরতে পারছে না চালকরা, ফলে বন্দরের কার্যক্রমে স্থবিরতার ছাপ স্পষ্ট দেখা যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## ভোজ্যতেলের বাজার স্থিতিশীল রাখতে সীমান্তসহ সারা দেশে অভিযানে বিজিবি

ভোজ্যতেলের বাজার স্থিতিশীল রাখতে সরবরাহ ব্যবস্থা সচল রাখা এবং অসাধু মজুতদার, কালোবাজারি ও পাচারকারী চক্রের অপতৎপরতা রোধ করে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি প্রতিরোধে সীমান্ত এলাকাসহ সারা দেশে অভিযান পরিচালনা করছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। একইসঙ্গে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধিসহ সার্বিক কার্যক্রম জোরদার করেছে রাষ্ট্রীয় এই বাহিনী। শুক্রবার বিজিবির জনসংযোগ কর্মকর্তা শরীফুল ইসলাম এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, বৃহস্পতিবার দিনগত রাত আনুমানিক ১টার দিকে বিজিবির নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন ও র্যাবের একটি যৌথ দল নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন তারাবো কাজীপাড়া চৌরাস্তায় রাজু ও খোরশেদ নামে দুই ব্যক্তির গুদামে অভিযান পরিচালনা করে। অভিযানে অবৈধভাবে মজুত করা ৯টি ব্যারেলে প্রায় ২ হাজার লিটার খোলা সয়াবিন তেল পাওয়া যায়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## শিক্ষামন্ত্রীর অনুরোধে সংসদ গ্যালারিতে শিক্ষার্থীদের ১৫০ আসন বরাদ্দ

জাতীয় সংসদের গ্যালারিতে অনূর্ধ্ব ১২ বছরের শিক্ষার্থীদের জন্য ৫০টি আসন রয়েছে। শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন দর্শনার্থী গ্যালারিতে আরও ১০০ আসন শিক্ষার্থীদের বরাদ্দ দেওয়ার আবেদন জানিয়ে স্পিকারের কাছে লিখিত আবেদন দেন। স্পিকার সেই আবেদন মঞ্জুর করেছেন। এখন থেকে আরও বেশি শিক্ষার্থীরা সংসদের কার্যক্রম সরাসরি দেখার সুযোগ পাবে, যা ভবিষ্যৎ প্রজন্মকে সংসদীয় ও গণতান্ত্রিক চর্চার রীতির সঙ্গে পরিচিত করাবে। শুক্রবার শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা খালিদ মাহমুদের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ প্রসঙ্গে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী বলেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান শিক্ষার্থীদের নিয়ে নৌবিহারে যেতেন, যাতে তারা রাষ্ট্রের সম্পদ ও সম্ভাবনা সম্পর্কে জ্ঞান লাভ করতে পারে। শিক্ষামন্ত্রী হিসেবে আমিও চাই, জেন-জিরা রাষ্ট্র সম্পর্কে জানুক, রাজনীতি সচেতন হোক। এ বিষয়ে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী জাতীয় সংসদের সচিব মো. গোলাম সারওয়ার ভুঁইয়ার সঙ্গে আলাপ করতে গেলে তিনি এ উদ্যোগকে স্বাগত জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০. ০৪.২০২৬ আসাদ)

## ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ সংসদে পাস

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ-২০২৬ জাতীয় সংসদে সর্বসম্মতিক্রমে পাস হয়েছে। সংসদে উপস্থিত সংসদ সদস্যরা বিল পাসে `হ্যাঁ, ভোট দিয়েছেন। শুক্রবার বিকেল সাড়ে ৩টায় বিল পাস সংক্রান্ত প্রস্তাব সংসদে উত্থাপন

করেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। এরপর জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল বিলটি সংসদ সদস্যদের ভোটের জন্য দেন। এসময় সংসদ সদস্যরা `হ্যাঁ, বলে বিলের পক্ষে সম্মতি দেন। অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজের শিক্ষার্থীরা স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় গঠনের দাবিতে আন্দোলনে নামেন। পরে সরকার এই সাত কলেজ নিয়ে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি গঠনের ঘোষণা দেয় এবং অধ্যাদেশ জারি করে। আজ সেই অধ্যাদেশ সংসদে পাস হলো।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## ভারতীয় খাসিয়ার গুলিতে বাংলাদেশি যুবক নিহত

সিলেটের কোম্পানীগঞ্জ সীমান্ত এলাকায় ভারতে অনুপ্রবেশের সময় খাসিয়াদের গুলিতে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে এ ঘটনা ঘটে। শুক্রবার বিষয়টি নিশ্চিত করেন ৪৮ বিজিবির অধিনায়ক লে. কর্নেল মো. নাজমুল হক। নিহত সালেহ আহমেদ জয়ধর কোম্পানীগঞ্জের দয়ারবাজার সংলগ্ন কারবালার টুক গ্রামের বাসিন্দা। সংবাদ বিজ্ঞপ্তিতে বিজিবি জানায়, কোম্পানীগঞ্জ উপজেলার দয়ারবাজার এলাকার তিন যুবক সালেহ আহমেদ জয়ধর, সুমন মিয়া ও মাসুম আহম্মদ মাদকের চালান আনার উদ্দেশ্যে অবৈধভাবে ভারতের অভ্যন্তরে প্রবেশ করেন। তারা সীমান্তবর্তী চংকেট ও মারকানের বাগান সংলগ্ন এলাকায় অবস্থান নেন। এসময় খাসিয়াদের সুপারি বাগানে অবস্থানকালে তাদের চোর সন্দেহে স্থানীয় ভারতীয় খাসিয়ারা বন্দুক দিয়ে কয়েক রাউন্ড গুলি ছোড়েন। এতে সালেহ আহমেদ গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই মারা যান। পরে তার সঙ্গে থাকা অপর দুইজন তাকে মৃত অবস্থায় বাংলাদেশে নিয়ে আসেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## অভ্যুত্থানে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের পুনর্বাসন অধ্যাদেশ সংসদে পাস

জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ-২০২৬ জাতীয় সংসদে পাস হয়েছে। শুক্রবার বিকেল সাড়ে ৩টায় এ সংক্রান্ত প্রস্তাব সংসদে উত্থাপন করেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। মন্ত্রী, জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসনসহ গণ-অভ্যুত্থানের মর্ম ও আদর্শকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে এ বিল উত্থাপন করেন। এ সংক্রান্ত ইতিহাস সংরক্ষণের উদ্দেশ্যে আনা জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন-২০২৬ বিল উত্থাপন করেন তিনি। এরপর জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল বিলটি সংসদ সদস্যদের ভোটের জন্য দেন। এসময় সংসদ সদস্যরা `হ্যাঁ, বলে বিলের পক্ষে সম্মতি দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## গ্রামীণ ব্যাংক সংশোধন বিল সংসদে পাস

গ্রামীণ ব্যাংক আইন-২০১৩ সংশোধনের জন্য আনা গ্রামীণ ব্যাংক সংশোধন বিল-২০২৬ জাতীয় সংসদে পাস হয়েছে। শুক্রবার বিকেল সাড়ে ৩টায় এ সংক্রান্ত প্রস্তাব সংসদে উত্থাপন করেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। সংসদে অর্থমন্ত্রী বলেন, গ্রামীণ ব্যাংক আইন-২০১৩ সংশোধন কল্পে আনা একটি বিল গ্রামীণ ব্যাংক সংশোধন বিল-২০২৬ এই সংসদে উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করছি। এরপর ডেপুটি স্পিকারের অনুমতি সাপেক্ষে অর্থমন্ত্রী গ্রামীণ ব্যাংক সংশোধন বিল-২০২৬ সংসদে উত্থাপন করে তা অবিলম্বে বিবেচনার প্রস্তাব উত্থাপন করেন। পরে ডেপুটি স্পিকার গ্রামীণ ব্যাংক সংশোধন বিল-২০২৬ অবিলম্বে বিবেচনার জন্য গ্রহণ করার ভোটে দেন। এরপর বিলটি সর্বসম্মতিক্রমে পাস হয়। বিলটির দফাওয়ারি কোনো সংশোধন না থাকায় তিনি বিলের দফাগুলো সংসদের সামনে পেশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## সংসদে `সাইবার সুরক্ষা বিল-২০২৬, পাস

সাইবার সুরক্ষা অধ্যাদেশ-২০২৫, রহিত করে সাইবার সুরক্ষা নিশ্চিতকরণ এবং সাইবার স্পেসে অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন ও বিচারসহ সংশ্লিষ্ট বিষয়গুলোতে বিধান প্রণয়নের লক্ষ্যে `সাইবার সুরক্ষা বিল-২০২৬, জাতীয় সংসদে পাস হয়েছে। শুক্রবার জাতীয় সংসদে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনাম বিলটি উত্থাপন করেন। পরে কণ্ঠভোটের মাধ্যমে বিলটি পাস হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## নারী ও শিশু নির্যাতন দমন সংশোধন বিল সংসদে পাস

নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ অধিকতর সংশোধন কল্পে আনীত একটি বিল, নারী ও শিশু নির্যাতন দমন সংশোধন বিল-২০২৬ জাতীয় সংসদে উত্থাপনে পর সর্বসম্মতিক্রমে পাস হয়েছে। শুক্রবার বিকেলে বিলটি পাস প্রস্তাব সংসদে উত্থাপন করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী আবু জাফর মোহাম্মদ জাহিদ হোসেন। সংসদে মন্ত্রী বলেন, আমি আবু জাফর মোহাম্মদ জাহিদ হোসেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী, নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ অধিক সংশোধন কল্পে আনীত একটি বিল নারী ও শিশু নির্যাতন দমন সংশোধন বিল-২০২৬ এই মহান সংসদে উত্থাপন করছি। এরপর ডেপুটি স্পিকার কায়সার কামাল বলেন, নারী ও শিশু নির্যাতন দমন সংশোধন বিল-২০২৬ মহান

সংসদে উত্থাপিত হলো। পরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রীকে সংসদে উত্থাপিত আকারে নারী ও শিশু নির্যাতন দমন সংশোধন বিল-২০২৬ অবিলম্বে বিবেচনার প্রস্তাব উত্থাপনের জন্য আহ্বান জানান। এরপর মন্ত্রী বিলটি প্রস্তাব করেন। এরপর ভোটে বিবেচনা গৃহীত হয়। বিলটির ওপর দফাওয়ারি কোনো সংশোধনী না থাকায় বিলের দফাগুলো মহান সংসদের সামনে পেশ করেন ডেপুটি স্পিকার। পরে সর্বসম্মতিক্রমে বিলটি জাতীয় সংসদে পাস হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## হজযাত্রায় নিষিদ্ধ পণ্য বহন না করার অনুরোধ ধর্ম মন্ত্রণালয়ের

হজযাত্রায় নিষিদ্ধ পণ্য বহন না করার জন্য যাত্রীদের অনুরোধ জানিয়েছে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের হজ অনুবিভাগ থেকে হজযাত্রীদের হজ এজেন্সি বা অন্য কারও প্ররোচনায় নিষিদ্ধ পণ্য বহন থেকে বিরত থাকতে বলা হয়েছে। শুক্রবার ধর্ম মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সৌদি আরবের আইনানুযায়ী হজযাত্রীর লাগেজে নেশাজাতীয় ঔষধ, তামাক পাতা, জর্দা, গুল, পানপাতা, শুঁটকি, রান্না করা খাবার এবং পচনশীল দ্রব্যাদি বহন নিষিদ্ধ। বিষয়টি ধর্ম মন্ত্রণালয়ের ২০২৬ সালের হজ প্যাকেজ ও গাইডলাইনেও উল্লেখ রয়েছে। ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন বলেন, বিগত বছরগুলোতে বিভিন্ন সময়ে সৌদি বিমানবন্দরে বাংলাদেশি হজযাত্রীদের লাগেজে নিষিদ্ধ পণ্য পাওয়া গেছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে বারবার সতর্ক করার পরও এ ধরনের ঘটনা ঘটছে। এতে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়। এ বিষয়ে হজযাত্রীদের সতর্কতা অবলম্বনের অনুরোধ জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## আপত্তি থাকলে আগেই বলুন, বিল পাসের পর বলছেন, আমি কিছু বুঝিলাম না : স্বরাষ্ট্রমন্ত্রী

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানকে উদ্দেশ্য করে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বিল পাস হয়ে যাওয়ার পর যদি বলেন, আমি কিছু বুঝিলাম না। যদি আপত্তি দিতে হতো তা উত্থাপনের পর, তারপরে সেকেন্ড রিডিংয়ে বিবেচনার সময়। শুক্রবার বিকেলে জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতার বক্তব্যের প্রতিক্রিয়ায় এসব কথা বলেন মন্ত্রী। সালাহউদ্দিন আহমদ বলেন, ধন্যবাদ জানাই বিরোধীদলীয় নেতাকে, সব বিরোধীদলীয় সংসদ সদস্যকে, আপনারা যথেষ্ট সহযোগিতা করেছেন। `হ্যাঁ,-ও বুঝে দিয়েছেন, `না,-ও বুঝে দিয়েছেন। এই অপরিসীম সহযোগিতার জন্য সরকারি দলের পক্ষ থেকে আপনাদের ধন্যবাদ জানাচ্ছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## হরমুজ প্রণালি পার হতে ইরানের অনুমতি পায়নি `বাংলার জয়যাত্রা,

হরমুজ প্রণালি পার হতে ইরানের অনুমতি পায়নি বাংলাদেশ শিপিং করপোরেশনের মালিকানাধীন বাল্ক ক্যারিয়ার `বাংলার জয়যাত্রা,। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির শিকার হয়ে জাহাজটি প্রায় ৪০ দিন ধরে সেখানকার কয়েকটি বন্দরে অবস্থান করে। সর্বশেষ সৌদি আরবের রাস আল খায়ের বন্দর থেকে ৩৭ হাজার টন সার বোঝাই করে এর দক্ষিণ আফ্রিকার কেপটাউনে যাওয়ার কথা ছিল। কিন্তু হরমুজ প্রণালি বন্ধ থাকায় জাহাজটি রাস আল খায়ের বন্দরে আটকে পড়ে। পরে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি ঘোষণা হলে, বুধবার এটি কেপটাউন যেতে বন্দর ত্যাগ করে। সর্বশেষ, শুক্রবার জাহাজটি হরমুজের কাছাকাছি পৌঁছে ট্রানজিট ক্লিয়ারেন্স চাইলে ইরানি কর্তৃপক্ষ আবেদন প্রত্যাখ্যান করে। বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমোডর মাহমুদুল মালেক বলেন, মধ্যপ্রাচ্যে যুদ্ধবিরতি শুরু হলে, হরমুজ পার হতে রাস আল খায়ের থেকে বুধবার রওয়ানা হয়েছিল `বাংলার জয়যাত্রা,। শুক্রবার জাহাজটি হরমুজ পার হওয়ার ট্রানজিট ক্লিয়ারেন্স চেয়েছিল, কিন্তু সেই আবেদন ইরানি কর্তৃপক্ষ থেকে নাকচ করে দেওয়া হয়েছে। তিনি জানান, অনুমতি পাওয়ার জন্য কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। জাহাজটি এখনো হরমুজ প্রণালির কাছে অবস্থান করছে। পরিস্থিতি বিবেচনা করে জাহাজটিকে আপাতত শারজাহ বন্দরে ফিরে যাওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## সংসদ থেকে বিরোধীদলের ওয়াক আউট

জাতীয় সংসদ থেকে ওয়াকআউট করেছে বিরোধীদল। শুক্রবার অধিবেশন চলাকালে সন্ধ্যা ৭টা ৪৫ মিনিটে বিরোধীদলীয় সংসদ সদস্যরা সেখান থেকে বেরিয়ে যান। জরুরি জনগুরুত্বপূর্ণ বিলগুলো সংসদে উত্থাপন না করায় ওয়াক আউটের সময় বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেন, ”ইনশাল্লাহ আরও দেখা হবে। এই সংসদে দেখা হবে। আজকে অনেক দুঃখ নিয়ে আমরা ওয়াকআউট করলাম।„ তিনি স্পিকার হাফিজ উদ্দিন আহমদকে উদ্দেশ্য করে বলেন, ”এখানে ট্রাস্ট মেইনটেইন করা হয় না, এটা আমাদের দুঃখ। স্পিকার আপনি বলেছেন, জাস্টিস মেইনটেইন করবেন। আজকের দিনে আমরা জাস্টিস পেলাম না। সরকারি দল ট্রাস্টের জায়গা রাখলেন না। আমরা সহযোগিতা করেই যাচ্ছিলাম, কিন্তু আমাদের ব্ল্যাক আউট করা হলো।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## লেবাননে ইসরায়েলি হামলায় বাংলাদেশি নারী নিহত

লেবাননে ইসরায়েলের বিমান হামলায় বাংলাদেশি এক নারী প্রবাসী নিহত হয়েছেন। নিহত প্রবাসীর নাম দিপালী। লেবাননের রাজধানী বৈরুতের হামরা এলাকায় বুধবার কফিলের পরিবারের সঙ্গে অবস্থানকালে এ হামলার শিকার হন তিনি। শুক্রবার এক পোস্টে এ তথ্য নিশ্চিত করেছে বাংলাদেশ দূতাবাস। নিহত দিপালী ফরিদপুরের চরভদ্রাসন উপজেলার চর হাজীগঞ্জ এলাকায়। তার বাবা নাম শেখ মোফাজ্জল ও মায়ের নাম রোজিনা খাতুন। লেবাননে বাংলাদেশ দূতাবাস মরহুমার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছে। একইসঙ্গে দূতাবাস প্রয়োজনীয় কনস্যুলার সহায়তার উদ্যোগ নিয়েছে। প্রাথমিক তথ্যে জানা গেছে, ওই হামলায় দিপালীর কফিল ও তার পরিবারের একাধিক সদস্যও নিহত হয়েছেন। স্থানীয় এক প্রতিবেশীর বরাত দিয়ে এসব তথ্য জানা গেলেও, বিষয়টি এখনো আনুষ্ঠানিকভাবে যাচাই করা হচ্ছে বলে জানিয়েছে দূতাবাস।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

## টাকা আত্মসাৎ করেছেন অফিস সহকারী, ৯২ জনের এসএসসি পরীক্ষা অনিশ্চিত

ফেনী সদর উপজেলার বালিগাঁও উচ্চবিদ্যালয়ের এক অফিস সহকারীর বিরুদ্ধে শিক্ষার্থীদের বোর্ড ফি-র টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। এর ফলে, এবারের এসএসসি পরীক্ষায় অংশ নিতে যাওয়া ৯২ জন শিক্ষার্থীর প্রবেশপত্র না আসায় অনিশ্চয়তার মুখে পড়েছে তাদের শিক্ষাজীবন। সম্প্রতি, বিষয়টি জানাজানি হওয়ার পর শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে চরম ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে। তবে, পরীক্ষার আগেই সব সমস্যার সমাধান হয়ে যাবে বলে আশ্বস্ত করছেন প্রতিষ্ঠানটির প্রধান শিক্ষক। খোঁজ নিয়ে জানা যায়, ফেনী সদর উপজেলার বালিগাঁও উচ্চবিদ্যালয়ের ৯২ জন শিক্ষার্থী এবারের এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার কথা রয়েছে। তাদের পরীক্ষার বোর্ড ফি বাবদ ১ লাখ ১৭ হাজার টাকা পরিশোধের জন্য ডিসেম্বর মাসের শেষের দিকে স্কুলের অফিস সহকারী মিহির চন্দ্র শীলকে দায়িত্ব দেওয়া হয়। মিহির ওই টাকা ব্যাংকে জমা না দিয়ে আত্মসাৎ করে। কয়েকমাস পরও ওই টাকা বোর্ডে জমা হয়েছে কিনা, তা খতিয়ে দেখেনি প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টরা। পরে বুধবার ফেনীর অন্যান্য স্কুলের এসএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র এলেও, বালিগাঁও উচ্চবিদ্যালয়ের প্রবেশপত্র না আসায় বিষয়টি জানাজানি হয়। স্কুল সংশ্লিষ্টরা জানায়, চলতি মাসের ২১ তারিখ থেকে অনুষ্ঠাতব্য এসএসসি পরীক্ষায় বালিগাঁও উচ্চবিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে ১৪ জন, মানবিকে ১৬ জন ও ব্যবসায়ে শিক্ষায় ২৫ জন এবং ৩৭ জন অনিয়মিত শিক্ষার্থীসহ মোট ৯২ জন অংশ নেওয়ার কথা রয়েছে। কয়েকদিন আগেই ফেনীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান তাদের পরীক্ষার্থীদের প্রবেশপত্র হাতে তুলে দেয়। কিন্তু বালিগাঁও উচ্চবিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রবেশপত্র না আসার কারণ খুঁজতে গিয়ে বোর্ড ফি পরিশোধ না হওয়ার বিষয়টি নিশ্চিত করে কুমিল্লা শিক্ষা বোর্ড। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৪.২০২৬ আসাদ)

# BBC

## LEBANON SAYS CEASEFIRE MUST BE IN PLACE BEFORE ISRAEL TALKS

A senior official in the Lebanese president's office has told the BBC that Lebanon will participate in direct negotiations with Israel next week only if there is a ceasefire in place beforehand. It comes after Israeli Prime Minister Benjamin Netanyahu authorised direct talks following what he said were "repeated requests from the Lebanese government". A US State Department official said it would host a meeting next week in Washington "to discuss ongoing ceasefire negotiations" between the two countries. Israeli air strikes have continued to hit Lebanon, with 21 people killed in the latest attacks, Lebanese authorities say. Hezbollah has also fired more rockets at several places in Israel. Lebanese authorities said the deaths included seven members of the same family in the town of Abbassieh and 11 people in Zrarieh. A medical centre in Burj Qalaway was also hit, killing two people, while a drone strike targeted an ambulance in Toul, with no casualties reported. The Israel Defense Forces (IDF) said it struck about 10 rocket launchers on Thursday night which it said had fired on northern Israel. It said it was continuing to locate and destroy more.
(BBC Web page : 10.04.2026 Ali Ahmed)

## TRUMP SAYS IRAN'S HANDLING OF STRAIT OF HORMUZ IS 'NOT THE AGREEMENT WE HAVE'

US President Donald Trump has accused Iran of doing a "very poor job" in its handling of oil passing through the pivotal Strait of Hormuz, arguing it was "not the agreement we have". The comments reflect the fragile nature of the ceasefire agreement, with reports showing conflicts on what was included in the accord. It came as Israeli Prime Minister Benjamin Netanyahu said his government was to begin direct talks with Lebanon, focusing on the disarmament of Hezbollah, the Iran-backed militant group, and establishing peaceful relations. A US State Department official confirmed it would host a meeting next week in Washington "to discuss ongoing ceasefire negotiations with Israel and Lebanon". Lebanese

officials had called for a ceasefire before the talks begin, but Netanyahu said in a subsequent address to residents of northern Israel.(BBC Web page : 10.04.2026 Ali Ahmed)

**'WE SHOULD NOT BE AT THE MERCY OF EVENTS ABROAD' - STARMER**

The UK must become more resilient to deal with a "volatile and dangerous" world where "shocks" like the conflict in Iran are frequent, the prime minister has warned. Writing in The Guardian, Sir Keir Starmer said he was "thinking about the long-term, and remaking this country" so that people "are not at the mercy of events abroad". Separately, he told ITV's Talking Politics podcast he was "fed up with the fact that families across the country see their bills go up and down... because of the actions of Putin or Trump". The prime minister is currently on a three-day trip to the Gulf to meet regional allies. On Wednesday he met the Saudi Crown Prince Mohammed bin Salman in Jeddah and on Thursday he travelled to the UAE, Bahrain and Qatar. His visit comes as a fragile ceasefire pausing the Iranian conflict has come under strain, with disagreements over whether the truce covered Lebanon.
(BBC Web page : 10.04.2026 Ali Ahmed)

**TAIWAN OPPOSITION LEADER MEETS XI JINPING IN BEIJING**

China's President Xi Jinping received Taiwan's main opposition party leader on Friday, in a rare meeting which saw both sides stress a desire for cross-strait peace. Cheng Li-wun is the Kuomintang's (KMT) first sitting leader to visit China in a decade. In 2016, Beijing cut off high-level communications with Taiwan after the ruling Democratic Progressive Party's (DPP) Tsai Ing-wen became president, citing her refusal to endorse the concept of a single Chinese nation. The DPP is among those who have criticised Cheng's trip, accusing her of being "subservient" to Beijing. Beijing claims Taiwan as part of its territory and has not ruled out taking the self-governed island by force. "The leaders of our two parties are meeting today in order to safeguard the peace and stability of our shared homeland, to promote the peaceful development of cross-strait relations, and to allow future generations to share in a bright and beautiful future," said Xi in a meeting at China's Great Hall of the People on Friday.(BBC Web page : 10.04.2026 Ali Ahmed)

**INDIA PROPOSES NEW RULES TO REGULATE NEWS AND POLITICAL POSTS ON SOCIAL MEDIA**

The Indian government has proposed changes to extend its regulatory framework to a wider range of online news voices, including influencers and podcasters on platforms such as Facebook, YouTube and X. Last week, the Ministry of Electronics and Information Technology (MeitY) suggested amendments to India's IT rules - which govern digital media content - to include "users who are not publishers" who share content related to "news and current affairs" within a "code of ethics" it currently applies to registered news publishers. Experts say this will potentially give the government more power over news-related posts shared by ordinary users, including independent journalists and podcasters. The government has proposed requiring social media platforms to follow orders and guidelines if they want to keep "safe harbour" protection - legal immunity from liability for content posted by users. The proposed amendments have alarmed digital rights activists and independent news creators, who say they could enforce near-total compliance with state-led censorship on social media platforms.(BBC Web page : 10.04.2026 Ali Ahmed)

**RUSSIA AND UKRAINE AGREE TO ORTHODOX EASTER TRUCE**

Russia and Ukraine have agreed to a truce for Orthodox Easter, with Vladimir Putin saying he's ordered troops to cease fire "in all directions" this weekend. His declaration came after Volodymyr Zelensky issued repeated calls for a ceasefire, all ignored by the Kremlin. Putin said the Russian truce would run from 16:00 local time (13:00 GMT) on Saturday, 11 April through Easter Sunday, adding that he expected Ukraine to "follow the example" of Russia. He ordered his forces to be ready to intercept "possible enemy provocations" and any "aggressive actions". Russia's tone, and the attempt to steal the initiative, will make Ukrainians bristle. But Zelensky soon posted on X that Ukraine was "ready for symmetrical steps". "People need an Easter free from threats and real movement toward peace," he wrote. "Russia has a chance not to return to strikes after Easter as well."
(BBC Web page : 10.04.2026 Ali Ahmed)

# :: THE END ::